Daily Monitoring Report
Directorate of Monitoring, Bangladesh Betar, Dhaka
Agrahayan 10, 1428 Bangla, November 25, 2021 Thursday, No. 327, 51st year

# H I G H L I G H T S

PM Sheikh Hasina says, Bangabandhu has laid foundation of every task of building the country - adds, Bangladesh is now role model of development & will stand head high in the world. (R. Today: 11,13)

The President urges political parties to be tolerant with other's opinion in building 'Sonar Bangla' as dreamt by father of the nation in golden jubilee of independence. (R. Today: 13)

AL GS opines, BNP is trying to create chaos with communal forces being jelous by development of country - urges party leaders & activists to be vigilant to tackle any conspiracy of BNP. (R. Tehran: 8, R. Today: 13)

The Information and Broadcasting Minister urges not to engage in unhealthy politics about chairperson's illness- adds, no physician but BNP leaders said that Khaleda Zia's life is in danger. (R. Today: 13)

BNP SG says, Khaleda Zia is not being given a chance for better treatment as the govt. does not want her to survive. (R. Today: 13)

Law enforcement agencies are on high alert across the country including capital for fear of spreading rumors or untrue information about Khaleda Zia's illness through social media. (R. Tehran: 7,8)

CEC says, it is not possible to stop electoral violence by guarding at paras-mohollas - claims that previous UP elections held across the country were competitive. (R. Today: 14)

Bangladesh Bank reports, amount of classified loans in the country swelled to more than one trillion taka again - it was 1,000,168 crore taka last September. (BBC: 3)

Although the role of antibiotics in corona treatment is insignificant, 80% of antibiotics in the country have been used unnecessarily during corona pandemic, say DGHS officials. (R. ABC: 10)

DGHS informs, 3 more people died of COVID-19 yesterday bringing death tolls to 27,961 - 312 people tested positive taking number of confirmed cases to 15,74,948. (R. Today: 14)

মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা

অগ্রহায়ণ ১০, ১৪২৮ বাংলা, নভেম্বর ২৫, ২০২১ বৃহস্পতিবার, নং-৩২৭, ৫১ বছর

# শিরোনাম

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, দেশ গড়ার প্রতিটি কাজের ভিত্তি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান তৈরি করে গেছেন - বলেন, উন্নয়নের রোল মডেল বাংলাদেশ এখন বিশ্বে মাথা উঁচু করে চলবে। (রেডিও টুডে: ১১,১৩)

স্বাধীনতার সুবর্ণ জয়ন্তীতে জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা গড়তে রাজনৈতিক দলগুলোকে পরমত সহিষ্ণু হওয়ার আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি। (রেডিও টুডে: ১৩)

দেশের উন্নয়নে ঈর্ষান্বিত হয়ে বিএনপি সাম্প্রদায়িক অপশক্তিকে সাথে নিয়ে বিশৃঙ্খলা সৃষ্টির পাঁয়তারা করছে বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক - বিএনপির যে কোনো চক্রান্ত মোকাবিলায় দলীয় নেতাকর্মীদের সতর্ক থাকার আহ্বানও জানান তিনি। (রেডিও তেহরান: ৮, রেডিও টুডে: ১৩)

বিএনপি চেয়ারপারসনের অসুস্থতা নিয়ে অসুস্থ রাজনীতি না করার আহ্বান জানিয়েছেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী - বলেন, খালেদা জিয়ার জীবন সংকটাপন্ন, এই কথা কোনো চিকিৎসক বলেননি, বিএনপি নেতারা বলছেন। (রেডিও টুডে: ১৩)

খালেদা জিয়া বেঁচে থাকুক, সরকারের সেই ইচ্ছে নেই বলেই তাঁকে উন্নত চিকিৎসার জন্য সুযোগ দেয়া হচ্ছে না বলে মন্তব্য করেছেন বিএনপি মহাসচিব। (রেডিও টুডে: ১৩)

খালেদা জিয়ার অসুস্থতা নিয়ে স্বার্থান্বেষী বিভিন্ন গোষ্ঠীর সামাজিক যোগাযোগমাধ্যমে গুজব বা অসত্য তথ্য ছড়ানোর আশঙ্কায় রাজধানীসহ সারাদেশে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সতর্ক অবস্থান। (রেডিও তেহরান: ৭,৮)

পাড়া-মহল্লায় পাহারা দিয়ে নির্বাচনী সহিংসতা বন্ধ করা সম্ভব নয় বলে মন্তব্য করেছেন প্রধান নির্বাচন কমিশনার - দাবি করেন, দেশজুড়ে হওয়া বিগত ইউপি নির্বাচনগুলো প্রতিযোগিতামূলক হয়েছে। (রেডিও টুডে: ১৪)

বাংলাদেশ ব্যাংকের প্রতিবেদন অনুযায়ী, দেশে খেলাফি ঋণের পরিমাণ আবারো এক লাখ কোটি ছাড়িয়েছে - গত সেপ্টেম্বর মাসে এর পরিমাণ ছিল এক লক্ষ একশ' ৬৮ কোটি টাকা। (বিবিসি: ৩)

করোনা চিকিৎসায় অ্যান্টিবায়োটিকের ভূমিকা কম হলেও দেশে করোনাকালে ৮০ শতাংশ অ্যান্টিবায়োটিক অপ্রয়োজনে ব্যবহার করা হয়েছে বলে জানিয়েছে স্বাস্থ্য অধিদফতরের কর্মকর্তারা। (রেডিও এবিসি: ১০)

স্বাস্থ্য অধিদফতর গতকাল জানিয়েছে, দেশে করোনাভাইরাসে আরো ৩ জনের মৃত্যুর ফলে মৃতের মোট সংখ্যা দাঁড়িয়েছে ২৭,৯৬১ জনে, ৩১২ জন নতুন রোগী আক্রান্ত হওয়ায় মোট আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ১৫,৭৪,৯৪৮ । (রেডিও টুডে: ১৪)

# বিবিসি

## বাংলাদেশে খেলাপি ঋণ আবার ১ লাখ কোটি টাকা ছাড়িয়েছে

বাংলাদেশে খেলাপি ঋণ আবার ১ লাখ কোটি টাকা ছাড়িয়ে গিয়েছে। এর আগে ২০১৯ সালে সর্বশেষ খেলাপি ঋণ ট্রিলিয়ন বা লক্ষ কোটির অঙ্কে উঠেছিল। বাংলাদেশ ব্যাংকের এক প্রতিবেদনে বলা হচ্ছে যে, সেপ্টেম্বর মাসে খেলাপি ঋণের পরিমাণ ছিল এক লক্ষ একশ' আটষট্টি কোটি টাকা। ব্যাংকিং খাতের সঙ্গে জড়িতরা বলছেন যে, বাংলাদেশে গত এক যুগে খেলাপি ঋণের পরিমাণ বেড়েছে প্রায় ৫ গুণ এবং এ সমস্ত ঋণের বড় অংশই রয়েছে রাষ্ট্রায়ত্ত কয়েকটি ব্যাংকে। বাংলাদেশে খেলাপি ঋণের পারিমাণ বেড়ে চলেছে কেন এবং কেন এটা বন্ধ করা যাচ্ছে না এ নিয়ে ঢাকা থেকে সাইদুল ইসলামের প্রতিবেদন :

বাংলাদেশ ব্যাংকের প্রতিবেদন অনুযায়ী, সেপ্টেম্বর মাস শেষে বাংলাদেশে খেলাপি ঋণের আকার দাঁড়িয়েছে এক লাখ একশ' আটষট্টি কোটি টাকা। রাষ্ট্র মালিকানাধীন ৬টি ব্যাংকের ৪৪ শতাংশ খেলাপি ঋণ রয়েছে। নতুন-পুরনো অনেক বেসরকারি ব্যাংকও রয়েছে এ তালিকায়। ব্যাংকগুলোয় এ রকম ঋণ বৃদ্ধির কারণ ব্যাখ্যা করছিলেন অ্যাসোসিয়েশন অফ ব্যাংকার্স বাংলাদেশের মহাসচিব মাশরুর আরেফীন, (স্বকণ্ঠে) : প্রতিটি ব্যাংকেরই লোনের প্রায় ২৫% সাধারণত স্থগিত থাকে। এখন পেমেন্ট হলিডে উঠে গেছে। এই ২ বছর ধরে টাকা দেয়নি এবং ব্যবসা তো ক্ষতিগ্রস্ত হয়েছেই। তাই খেলাপি ঋণও বেড়ে গিয়েছে। বাংলাদেশে যত বড় বড় দোকান দেখেন সব ব্যাংক লোন আছে। এদের ব্যবসা একদমই ছিল না। বড় প্রতিষ্ঠানগুলোর হয়ত দেখা যায় দরকার ১০০ টাকা কিন্তু সবগুলো ব্যাংক মিলে ২০০ টাকা নিয়ে তার অ্যাভারেজ বেশি হয়ে যায় এবং শেষ পর্যন্ত যেয়ে সে দেখায় তার বিক্রির চেয়ে লোন বেশি। এসব কারণেই বর্তমানে খেলাপি ঋণের বৃদ্ধি।

বাংলাদেশ ব্যাংকের পরিসংখ্যান অনুযায়ী, গত এক যুগে বাংলাদেশে খেলাপি ঋণের পরিমাণ বেড়েছে প্রায় ৫ গুণ। ২০১৯ সালে খেলাপি ঋণ লাখ ছাড়ানোর পর কঠোর পদক্ষেপের কথা বলা হয়েছিল কিন্তু বাস্তবে তা দেখা যায়নি। ব্যাংকাররা বলছেন রাজনৈতিক বা বিশেষ তদবিরে যথেষ্ট যাচাই-বাছাই ছাড়া যেসব ঋণ দেয়া হয় তারই একটি বড় অংশ গত কয়েক বছরে খেলাপি হয়ে উঠেছে। তবে খেলাপি ঋণ লাখের ঘর পার হলেও সেটা অনেক বেড়েছে বলে মানতে নারাজ বাংলাদেশ ব্যাংকের মুখপাত্র মো. সিরাজুল ইসলাম। তবে তিনি বলছেন, খেলাপি ঋণ কমিয়ে আনার ব্যাপারে তারা সচেষ্ট রয়েছেন, (স্বকণ্ঠে) : কিছু কিছু লোন তো কেসে চলে গিয়েছে। সেক্ষেত্রে কিন্তু কেস না হলে সেটা পর্যন্ত আর আদায়ের দিকে আসে না। সেগুলোর অ্যামাউন্ট কিন্তু অনেক। বর্তমানে যে লোনগুলো দেখানো হচ্ছে সেখানে কিন্তু ক্লাসিফাইড তেমন বেশি কিছু হচ্ছে না। ১০-১৫ বছরের কেস চলা লোনও তো রয়ে গিয়েছে। ২ শতাংশ ডাউন পেমেন্ট করে রিশিডিউলিং করে যেখানে এক্সিট প্ল্যানের আওতায় আনা হয়েছে। তারা যদি নির্দিষ্ট সময়ে টাকাগুলো শোধ করতে থাকে তাহলে তো তারা ক্লাসিফাইড থেকে বাইরে চলে আসবে। বাংলাদেশ ব্যাংক টার্গেট দিয়ে, সার্ক্যুলার দিয়ে সবসময়ই কিন্তু চেষ্টা করছে তাদের বোঝাতে যে তোমরা ক্লাসিফিকেশন কমিয়ে আনো। অর্থনীতিবিদদের মতে, বাংলাদেশে খেলাপি ঋণের আকার আসলে আরও বেশি। কারণ আদায় না হওয়ার পরেও অনেক ঋণ বছরের পর বছর খেলাপি করা হয় না। আবার একই ঋণ বার বার পুনঃতফসিল করে নিয়মিত দেখানো হয় যা খেলাপির হিসাবে যোগ হয় না। ফলে বহুদিন ধরে বাংলাদেশে খেলাপি ঋণের একটি অলিখিত সংস্কৃতি গড়ে উঠেছে বলে তারা মনে করেন। সিপিডির নির্বাহী পরিচালক ডা. ফাহমিদা খাতুন বলছেন, বাংলাদেশের ব্যাংকিং ব্যবস্থাপনার দুর্বলতার একটি বহিঃপ্রকাশ হচ্ছে এ যে খেলাপি ঋণের পরিমাণ বেড়ে যাওয়া, (স্বকণ্ঠে) : কাঠামোগত দুর্বলতা সৃষ্টি হয়েছে। সুশাসন, দক্ষতা এবং ব্যবস্থাপনা সামগ্রিক বিষয়গুলোয় কিছুটা দুর্বল। খেলাপি ঋণ যেগুলো হচ্ছে সেগুলোর অধিকাংশই কিন্তু খেলাপি ঋণ। ঋণ প্রকৃত উদ্যোক্তাদের দেয়ার ব্যাপারে আরও বেশি মনোযোগী হওয়া দরকার। রাজনৈতিক প্রভাবশালীদের পক্ষ থেকে আনা সুপারিশ একেবারেই বিবেচনায় আনা হবে না। ঋণ দেয়ার পর তার সুপারভিশনও কিন্তু খুব জরুরী।

বিশ্লেষকরা বলছেন, খেলাপি হওয়ার পরেও বড় কোন শাস্তি বা কঠোর ব্যবস্থা না নেওয়ায় প্রবণতা আরও বৃদ্ধি পেয়েছে। খেলাপি ঋণ বন্ধ বা নিয়ন্ত্রণ করতে রাজনৈতিক উদ্যোগ জরুরি বলে তারা মনে করেন।

(বিবিসি : ১৯৩০ ঘ. ২৪.১১.২০২১ রিহাব ও আশরাফ)

## খালেদা জিয়াকে আবারও বিদেশে চিকিৎসার সুপারিশ করেছে মেডিকেল বোর্ড

বাংলাদেশে বিরোধী দল বিএনপির চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার স্বাস্থ্য পরীক্ষা করে মেডিকেল বোর্ড আজ আবারও চিকিৎসার জন্য তাকে বিদেশে নেবার সুপারিশ করেছে বলে তার একজন ব্যক্তিগত চিকিৎসক জানিয়েছেন। তিনি বিবিসিকে বলেছেন, মিসেস জিয়ার লিভার বা যকৃতের জটিলতার কারণে মেডিকেল বোর্ড বিদেশে চিকিৎসার এই পরামর্শ দিচ্ছে। এদিকে, মিসেস জিয়ার পরিবারের আবেদনের ভিত্তিতে বিদেশে চিকিৎসার অনুমতির দাবিতে বিএনপি আজ ৮ দিনের বিক্ষোভ কর্মসূচি ঘোষণা করেছে। আইনমন্ত্রী আনিসুল হক অবশ্য বলছেন যে, আইন অনুযায়ী বিদেশে

চিকিৎসার অনুমতি দেয়ার সুযোগ না থাকলেও তারা সার্বিক বিষয় পর্যালোচনা করে দেখছেন। ঢাকা থেকে জানাচ্ছেন কাদির কল্লোল :

খালেদা জিয়া এবার ঢাকায় একটি বেসরকারি হাসপাতালে ভর্তি হওয়ার পর থেকে এগারো দিন ধরে তাকে নিবিড় পর্যবেক্ষণে সিসিইউতে রাখা হয়েছে। বেসরকারি হাসপাতালটির একজন চিকিৎসকের নেতৃত্বে গঠিত মেডিকেল বোর্ড সপ্তাহখানেক আগেও চিকিৎসার জন্য তাকে বিদেশে নেয়ার সুপারিশ করেছিল। আজ আবার মেডিকেল বোর্ড মিসেস জিয়ার স্বাস্থ্যের বিভিন্ন পরীক্ষার পর বিদেশে চিকিৎসার সুপারিশ করেছে। তার একজন ব্যক্তিগত চিকিৎসক এবং মেডিকেল বোর্ডের সদস্য জাহিদ হোসেন বলেছেন, খালেদা জিয়ার আর্থাইটিস, ডায়বেটিস, কিডনি এবং হার্টের পুরানো সমস্যাগুলো রয়েছে। কিন্তু এখন জটিল হয়েছে লিভারের সমস্যা এবং সেজন্য অন্য সমস্যাগুলোতে ঔষধ সেভাবে কাজ করছে না। মি. হোসেন বলেছেন, লিভারে একটি অপারেশন জরুরি হয়ে পড়েছে। এ ধরনের অপারেশন করার আধুনিক সুবিধা বাংলাদেশে নেই। মেডিকেল বোর্ড তাদের সুপারিশের ক্ষেত্রে এই জটিল পরিস্থিতির কথা তুলে ধরেছে বলে তিনি উল্লেখ করেন (স্বকণ্ঠে) : উনার ডিজিসটা এমন একটা পর্যায়ে গিয়েছে যে, কোন কোন সময় উনার জেআইব্লিডিং যেটা বলে সেটাকে বলে মেলিনা। এই মেলিনার কয়েকবার হয়েছে। লিভারের চিকিৎসার জন্য এখানকার মেডিকেল বোর্ডের ডাক্তাররা আজকেও বলেছেন যে, উনার লিভারের চিকিৎসার জন্য এক ধরনের অপারেশন যেটি আমেরিকা বা ইউকেতে অথবা উন্নত দেশে এটা এভেলেবল। এটি বাংলাদেশে এভেলেবল না। সেটি করার জন্য উনারা পরামর্শ দিয়েছেন এবং বাংলাদেশে এই মুহূর্তে আধুনিক চিকিৎসা যেটুকু এভেলেবল আছে তার প্রত্যেকটা জিনিসই উনারা করেছেন। তার পরবর্তীতে উনার শারীরিক অবস্থা আশানুরুপ হয়নি।

দূর্নীতির মামলায় সাজা স্থগিত করে সরকার ফৌজদারি কার্যবিধির ৪০১ ধারায় বিএনপি নেত্রী খালেদা জিয়াকে মুক্তি দিয়েছিল গত বছরের মার্চে। এরপর তিনি কয়েকবার বেসরকারি হাসপাতালে চিকিৎসা নিয়েছেন। এ বছরের শুরুতে তার ভাই শামীম ইস্কান্দার বিদেশে চিকিৎসার অনুমতির জন্য প্রথম দফা আবেদন করেছিলেন। তখন সেই আবেদন সরকার নাকচ করেছিল এখন আবার সপ্তাহ দু'য়েক আগে মি. ইস্কান্দার একই আবেদন করেছেন। তাতে সরকারের পক্ষ থেকে আইনে সুযোগ না থাকার কথা বলা হচ্ছে। কিন্তু সেই আবেদনকে ভিত্তি করেই বিএনপি সমাধান চাইছে। একইসাথে দলটি কর্মসূচি নিয়ে রাজপথেও নেমেছে। আজ দলটির পক্ষ থেকে সারাদেশে বিক্ষোভ করে জেলা প্রশাসকের কার্যালয়ে স্মারকলিপি দেয়া হয়েছে। আগামী ৮ দিন অর্থাৎ ৪ঠা ডিসেম্বর পর্যন্ত দলটি বিক্ষোভ কর্মসূচিও ঘোষণা করেছে। বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, কর্মসূচির মাধ্যমে তারা সরকারের উপর একটা চাপ তৈরি করতে চাইছেন (স্বকণ্ঠে) : আমরা যতটুকু সম্ভব গণতান্ত্রিক পদ্ধতিতে চাপ সৃষ্টি করার চেষ্টা করছি। অন্যান্য দলগুলি বিবৃতি দিয়েছে এবং তারাও একইভাবে বলছে যে, উনার বিদেশে চিকিৎসা হওয়া উচিত। আর বুদ্ধিজীবীরা আজ বিবৃতি দিয়েছেন। সারাদেশের মানুষের মধ্য থেকে একটা চাপ সৃষ্টি তো সরকারের উপরে হচ্ছেই।

যদিও সরকারের পক্ষ থেকে বলা হচ্ছে আইনে খালেদা জিয়াকে বিদেশে চিকিৎসার অনুমতি দেয়ার সুযোগ নেই। কিন্তু তার পরিবারের এবারের আবেদন এখনও নাকচ করেনি সরকার। আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, আইন অনুযায়ী বিদেশে চিকিৎসার অনুমতি দেয়া যায় না, এরপরও তারা আবেদন পর্যালোচনা করে দেখছেন, (স্বকণ্ঠে): প্রথম কথা হচ্ছে যে, শক্ত অবস্থান বলাটা সঠিক হবে না। তার কারণ হচ্ছে এটা সঠিক যে, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কিন্তু নির্দেশ দিয়েই উনাকে মানবিক কারণে জেল থেকে সাজা স্থগিত করে মুক্তি দিয়েছেন। উনারা যে বক্তব্য দিয়েছেন বেআইনি বক্তব্যর সাথে নিশ্চয়ই আমার মতপার্থক্য আছে। কিন্তু আমরা ব্যাপারটা দেখছি। বিএনপি নেতারা বলছেন, সরকার শেষ পর্যন্ত ইতিবাচক সিদ্ধান্ত নেবেন তারা এখনও সেটাই আশা করছেন।

(বিবিসি : ৩০ ঘ. ২৩.১১.২০২১ এলিনা ও আশরাফ)

## ভারতের নাগরিকত্ব আইন সংশোধনীর বিরুদ্ধে আন্দোলন আবারও শুরুর কথা বলছে বিভিন্ন সংগঠন

ভারতে নাগরিকত্ব আইন নিয়ে আইন সংশোধনীর বিরুদ্ধে বছর দু'য়েক আগে যে আন্দোলন শুরু হয়েছিল আসামে তা আবারও শুরু করার কথা বলছে সে রাজ্যের বিভিন্ন সংগঠন। আগামী ১০ থেকে ১২ই ডিসেম্বর আসামে সভা আর র‍্যালির মাধ্যমে ঐ আন্দোলন ফিরিয়ে আনার কথা বলছে সংগঠনগুলো। তারা বলছে যে, এক বছর ধরে আন্দোলন চালিয়ে কৃষকরা যদি বিতর্কিত তিনটি কৃষি আইন প্রত্যাহার করাতে পারে তাহলে তারা সংশোধিত নাগরিকত্ব আইনটি বাতিল করাতে পারবেন না কেন। তবে ২০১৯ সালের মত এখন বিভিন্ন সংগঠন কতটা নতুন করে এই আন্দোলন সফল করতে পারবে তা নিয়ে অনেক বিশ্লেষকই সন্দেহ প্রকাশ করছেন। এই নিয়ে বিস্তারিত জানাতে অনুষ্ঠানে যোগ দিচ্ছেন অমিতাভ ভট্টশালী।

বিবিসি : এই যে নতুন করে নাগরিকত্ব আইন বিরোধী আন্দোলন শুরু করার কথা বিভিন্ন সংগঠন বলছে, এই সংগঠনগুলো কারা ?

অমিতাভ : আসামের তিনটি সংগঠন। খুবই শক্তিশালী ছাত্র ইউনিয়ন। অল আসাম স্টুডেন্স ইউনিয়ন বা আসু, অসম জাতীয়তাবাদী যুব ছাত্র পরিষদ আর আসাম জাতীয় পরিষদ। এই তিনটি সংগঠনই নতুন করে নাগরিকত্ব আইনবিরোধী

আন্দোলন শুরু করার কথা বলছে। তারা গোহাটিতে একটি সংবাদ সম্মেলন করেছে এবং আসু প্রধান পরামর্শদাতা সমুজ্জল ভট্টাচার্য বলছেন যে, ২০১৯ সালের ডিসেম্বরে অনেকগুলো সংগঠন মিলে আসামে যে আন্দোলন শুরু করেছিল তা স্মরণ করেই এখন আবার তারা সভা করবেন, মিছিল করবেন। তবে পরবর্তী যৌথ আন্দোলন কীভাবে চলবে তার বিস্তারিত পরিকল্পনা করবে এই সংগঠনগুলি। এখনও সেটা তারা প্রকাশ করেনি। আর সংশোধিত নাগরিকত্ব আইনের বিরুদ্ধে এই গোহাটি থেকেই আন্দোলনটা শুরু হয়েছিল ২০১৯ সালে। তা পরে সারাদেশে ছড়িয়ে পড়ে। তবে করোনা মহামারির সময়ে সেই জমায়েতগুলি ধীরে ধীরে উঠে যেতে শুরু করে।

বিবিসি : দু'বছর আগে যে আন্দোলন শুরু হয়েছিল সেটা তো এখন অনেক স্তিমিত হয়ে গিয়েছে। নতুন করে এটা কতটা সাড়া ফেলতে পারে ?

অমিতাভ : করোনা মহামারির সময়ে আন্দোলনে ভাটা পড়তে থাকে। তবে তার আগে টানা তিনমাস লাগাতার জমায়েত হয়েছে। কিন্তু কৃষক আন্দোলনের চাপে নরেন্দ্র মোদি যেভাবে বিতর্কিত তিনটি কৃষি আইন প্রত্যাহার করে নিয়েছেন সেটা থেকেই উৎসাহিত হয়ে আবার নাগরিকত্ব আইনবিরোধী আন্দোলন শুরু করার কথা ভাবছেন, আশার আলো দেখছেন তারা। তারা মনে করছেন, নতুন করে আন্দোলন শুরু করা গেলে আবারও কেন্দ্রীয় সরকারের উপর একটা চাপ তৈরি হতে পারে। তবে আসামের কয়েকজন সিনিয়ার রাজনৈতিক বিশ্লেষক বলছিলেন ২০১৯ সালে যেটা সম্ভব হয়েছিল এবার হয়ত সবগুলি সংগঠনকে এক ছাতার তলায় এনে আবারও সেভাবে আন্দোলন শুরু করাটা কঠিন হবে। শক্তিশালী ছাত্র সংগঠন আসু তারা আন্দোলনের কথা বলছে ঠিকই আসাম চুক্তি রূপায়নের জন্য আসামের বিজেপি সরকার সম্প্রতি একটা কমিটি তৈরি করেছে। সেখানেও আসুর কয়েকজন নেতা রয়েছে। এই আসু আসলে কতটুকু সরকার বিরোধী আন্দোলনে নেতৃত্ব দেবার মত জায়গায় থাকবে সেটা নিয়ে একটা সন্দেহ তৈরি হয়েছে। এছাড়াও আমি বাঙালি মুসলমান কয়েকজন নেতার সাথে কথা বলেছি। তারা কিন্তু নতুন করে আন্দোলনের ব্যাপারে খুব একটা আশাবাদী নয়।

বিবিসি : এই যে নাগরিকত্ব আইন সংশোধন নিয়ে এই যে বিতর্ক সেটার কারণটা ঠিক কী ছিল ?

অমিতাভ : নাগরিকত্ব সংশোধনী আইনটি ২০১৯ সালের ১২ই ডিসেম্বর পাশ হয়েছিল এটা চালু হয় ২০২০ সালের ১০ই জানুয়ারি থেকে। এই আইনটির মাধ্যমে বাংলাদেশ, পাকিস্তান আর আফগানিস্থান থেকে সেদেশের সংখ্যালঘু মানুষজন হিন্দু, শিখ, জৈন, বৌদ্ধ, খ্রিস্টান, পার্সিয়ানরা তারা যদি নিজ নিজ দেশে নির্যাতিত হয়ে থাকেন এবং তারা ভারতে চলে আসেন তাহলে তাদের নাগরিকত্ব দেয়ার ব্যবস্থা করা হয়েছে। তবে আইনটা ২০১৯ সালে পাশ হয়ে গেলেও তার রুলস এখনও জারি হয়নি। তাই সেটা রুপায়ন এখনও করা হয়নি এবং রুলস তৈরির জন্য সরকার বারে বারে সংসদের অনুমতি নিয়ে চলেছে। সর্বশেষ তারা ২০২২ সালের ৯ই জানুয়ারি পর্যন্ত সময় চেয়ে নিয়েছে সংসদ থেকে। এই আইনটির আসলে বিরোধিতা হচ্ছিল সারা দেশেই। কারণ ভারতের যে সংবিধান তাতে এরকম কোন ব্যবস্থা নেই যে ধর্মের ভিত্তিতে নাগরিকত্ব দেয়া যাবে। কিন্তু আইনে সেই ব্যবস্থাটাই করা হয়েছে। যদিও অমিত শাহ থেকে শুরু করে বিজেপির শীর্ষ নেতারা কিন্তু বার বারই বলে এসেছেন যে, সংশোধিত নাগরিকত্ব আইনটি তারা দ্রুত কার্যকর করবেন। আসলে বিশ্লেষকরা মনে করছেন যে, বিজেপি এই আইনটাকে ভোটের প্রচারে এবং মেরুকরণের রাজনীতিতে আসলে কাজে লাগাচ্ছে। ভোটের সময় তারা আইনটার কথা বলছে কিন্তু আবার কার্যকর করার সময় বাড়িয়েই চলেছে সংসদ থেকে সময় নিয়ে। (বিবিসি : ৩০ ঘ. ২৩.১১.২০২১ এলিনা ও আশরাফ)

## সংঘর্ষে লিপ্ত সকল পক্ষের প্রতি একে অপরকে ক্ষমা করে দেয়ার আহ্বান জানিয়েছেন আনাস হাক্কানী

তালেবানের সাথে গত দুই দশক ধরে সংঘর্ষে লিপ্ত সকল পক্ষের প্রতি একে অপরকে ক্ষমা করে দেয়ার আহ্বান জানিয়েছেন ঊর্ধ্বতন তালেবান সদস্য আনাস হাক্কানী। বিবিসিকে দেয়া এক সাক্ষাৎকারে মি. হাক্কানী অবশ্য বলেছেন যে এই বৈরিতা সৃষ্টির প্রধান কারণ হচ্ছে যুক্তরাষ্ট্র। বিস্তারিত জানাচ্ছেন সংবাদদাতা শাহনাজ পারভীন :

তালেবানের ভেতরকার এই হাক্কানী নেটওয়ার্ক ছিল আফগানিস্তানের সবচেয়ে ক্ষমতাধর এবং সৃষ্টিকারী সশস্ত্র গোষ্ঠী। আফগানিস্তান সাম্প্রতিক বছরগুলোতে ছোট ছোট নেতৃত্বাধীন বাহিনী এবং আফগান সরকারি বাহিনীর উপরে অসংখ্য মারাত্মক এবং সমন্বিত জঙ্গী আক্রমণের পেছনে এই হাক্কানি নেটওয়ার্ক ছিল বলে মনে করা হয়। তবে বিবিসির সংবাদদাতা বলেছেন আনাস হাক্কানীর বয়স মাত্র সাতাইশ এবং তাকে তালেবানের নতুন প্রজন্মের নেতা বলা যায়। যিনি কিছুটা মৈত্রী প্রতিষ্ঠার সুরে কথা বলছেন বিবিসিকে দেয়া এক সাক্ষাৎকারে। আনাস আক্কানি বলেন, এই দীর্ঘ সংঘাতে যে প্রাণহানি হয়েছে তার জন্য সকল পক্ষই দুঃখিত। তবে তার কথা হল এই বৈরিতা সৃষ্টির জন্য যুক্তরাষ্ট্রই প্রধান কারণ। তালেবানের সাথে গত দুই দশক ধরে সংঘাতে লিপ্ত সকল পক্ষের প্রতি একে অপরকে ক্ষমা করে দেওয়ার আহ্বান জানান আনাস হাক্কানী।

তিনি বলেছেন, যুদ্ধে প্রাণহানি হবে এটাই স্বাভাবিক, এটা দু'পক্ষেই ঘটেছে আমরা এটা নিয়ে খুশি নই সবাই এজন্য দুঃখিত আমি সংঘাতে লিপ্ত সব পক্ষকে পরস্পরকে ক্ষমা করার আহ্বান জানাই।

মি: হাক্কানী বলছেন, তার ভাষায় মার্কিন নেতৃত্বাধীন বাহিনীর দখলদারি অবসানের লড়াইয়ে হাক্কানি নেটওয়ার্ক যে ভূমিকা পালন করেছে তার জন্য তারা গর্ব অনুভব করে। বর্তমানে আফগানিস্তানের ক্ষমতাসীন তালেবান আন্দোলনের মধ্যে এই হাক্কানি নেটওয়ার্কের একটি স্বায়ত্তশাসিত ভূমিকা রয়েছে। আগস্ট মাসে কুন্দুজের পতন এবং তালেবানের হাতে ক্ষমতা হস্তান্তর হওয়ার পর হাক্কানী নেটওয়ার্কে অভ্যন্তরীণ নিরাপত্তার দায়িত্ব দেয়া হয়।
(বিবিসি : ২২৩০ ঘ. ২৪.১১.২০২১ রোবাইয়া ও মিরাজুল)

# ভয়েস অফ আমেরিকা

## নটরডেম কলেজের ছাত্রের মৃত্যুতে সিটি করপোরেশনের তদন্ত কমিটি গঠন

নটরডেম কলেজের ছাত্র নাঈম হাসানের মৃত্যুর ঘটনায় তিন সদস্য বিশিষ্ট কমিটি তদন্ত গঠন করেছে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন (ডিএসসিসি)। বুধবার সন্ধ্যায় সিটি করপোরেশনে থেকে পাঠানো এক প্রেস বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়। বুধবার বেলা সাড়ে ১১টার দিকে গুলিস্তান এলাকায় ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) ময়লার গাড়ির ধাক্কায় নটরডেম কলেজের দ্বাদশ শ্রেণির শিক্ষার্থী নাঈম হাসান (১৭) নিহত হন।

সিটি করপোরেশন থেকে পাঠানো বিবৃতিতে বলা হয়, নটরডেম কলেজছাত্র নাঈম হাসানের মৃত্যুর ঘটনায় ঢাকা দক্ষিণ সিটির প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা এয়ার কমোডর সিফওয়াত নাঈমকে আহ্বায়ক, মহা-ব্যবস্থাপক (পরিবহন) বিপুল চন্দ্র বিশ্বাস এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক) আনিছুর রহমানকে সদস্য করে তিন সদস্যের কমিটি গঠন করা হয়েছে। কমিটি সাত কার্য দিবসের মধ্যে প্রতিবেদন দাখিল করবে। এছাড়াও এ দুর্ঘটনা কীভাবে সংগঠিত হলো তা সবিস্তারে উত্থাপন ও দোষী ব্যক্তিদের চিহ্নিত করা, ভবিষ্যতে যাতে এ ধরনের অনাকাঙ্ক্ষিত দুর্ঘটনা এড়ানো যায়, সেজন্য সুপারিশ করবে এ কমিটি। বিজ্ঞপ্তিতে আরো বলা হয়, ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস নটরডেম কলেজের নিহত ছাত্র নাঈম হাসানের জানাজায় অংশ গ্রহণ করবেন।

এর আগে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) গাড়ির ধাক্কায় সহপাঠী নাঈম হাসানের (১৭) মৃত্যুর ঘটনায় মতিঝিল-গুলিস্তানে সড়কে অবস্থান নিয়ে বিক্ষোভ করেন নটরডেম কলেজের শিক্ষার্থীরা। এ সময় তারা দ্রুততম সময়ে দোষী গাড়িচালকের সর্বোচ্চ শাস্তি নিশ্চিতের দাবি জানান। বুধবার দুপুরের পর সহপাঠীর মৃত্যুর খবর ছড়িয়ে পড়লে কলেজ শিক্ষার্থীরা বেরিয়ে এসে আরামবাগ-মতিঝিল এলাকায় অবস্থান নেন। পরে শিক্ষার্থীদের একটি অংশ পল্টন হয়ে দুর্ঘটনাস্থল গুলিস্তানে এসে অবস্থান নেন। একপর্যায়ে গুলিস্তানের বঙ্গবন্ধু অ্যাভিনিউ এলাকায় যান চলাচল বন্ধ হয়ে যায়। এ সময় শিক্ষার্থীরা দোষী গাড়িচালকের সর্বোচ্চ শাস্তি নিশ্চিত, নিহত শিক্ষার্থীর পরিবারকে সহায়তা, নিরাপদ সড়ক নিশ্চিত করাসহ ছয় দফা দাবি জানান। তারা জড়িত চালকের বিচার চেয়ে বিভিন্ন স্লোগান দিতে থাকেন। পরে সন্ধ্যার আগে তারা সড়ক থেকে সরে গেলে যান চলাচল স্বাভাবিক হয়।

পল্টন মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সালাহউদ্দিন মিয়া জানান, নটরডেমের শিক্ষার্থীরা সড়কে অবস্থান নিয়ে বিক্ষোভ করলে যান চলাচল বন্ধ হয়ে যায়। একপাশে অল্প কিছু যান চলাচল করলেও এর ফলে দীর্ঘ যানজটের সৃষ্টি হয়। পরে তারা ছয় দফা দাবি জানিয়ে পৌনে ৫টার দিকে সড়ক থেকে সরে গেলে যান চলাচল স্বাভাবিক হয়।

বুধবার বেলা সাড়ে ১১টার দিকে গুলিস্তান হল মার্কেটের সামনের রাস্তা হেঁটে পার হওয়ার সময় গুলিস্তান জিরো পয়েন্টগামী ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের ময়লা পরিবহনের একটি বেপরোয়া গতির গাড়ি নাঈমকে ধাক্কা দেয়। এতে গুরুতর আঘাত পান নাঈম। পরে দুপুর সোয়া ১২টার দিকে তাকে ঢাকা মেডিক্যাল কলেজ (ঢামেক) হাসপাতালে নেওয়া হলে চিকিৎসক মৃত ঘোষণা করেন। এ ঘটনার পরপরই ময়লার গাড়ি জব্দসহ চালক রাসেল খানকে (২৭) আটক করেছে পুলিশ। (ভোয়া : ২২০০ ঘ. ২৪.১১.২০২১ সোনিয়া ও নারগীস)

## সাগর-রুনি তদন্ত প্রতিবেদন দাখিলের দিন ৮৩ বার পেছালো

সাংবাদিক দম্পতি সাগর সরোয়ার ও মেহেরুন রুনি হত্যা মামলার তদন্ত প্রতিবেদন জমা দেয়ার তারিখ আবারও পিছিয়েছে। বুধবার এ মামলার তদন্ত প্রতিবেদন দাখিলের কথা ছিল। কিন্তু শেষ পর্যন্ত প্রতিবেদন দাখিল হয়নি। এ নিয়ে ৮৩ বার পেছালো তদন্ত প্রতিবেদন দাখিলের তারিখ।

২০১২ সালে ১১ ফেব্রুয়ারি রাতে ঢাকার পশ্চিম রাজাবাজারের বাসায় খুন হন সাংবাদিক দম্পতি সাগর ও রুনি। পর দিন তাদের ক্ষত-বিক্ষত লাশ উদ্ধার করা হয়। পুলিশ প্রথম তদন্ত শুরু করে। কিন্তু পুলিশ নির্ধারিত সময়ে রিপোর্ট প্রদানে ব্যর্থ হওয়ার পর তদন্তের দায়িত্ব পায় র‍্যাব।

আজ বুধবার তদন্ত প্রতিবেদন দাখিলের দিন থাকলেও র‍্যাবের তদন্ত কর্মকর্তা তা দিতে পারেননি। ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট দেবদাস চন্দ্র অধিকারী আগামী ২৬ ডিসেম্বর প্রতিবেদন দাখিলের নতুন দিন ধার্য করেছেন। এই ঘটনার পর আটজনকে আসামি করে মামলা দায়ের করা হয়। আসামিরা হলো- রুনির বন্ধু তানভীর, বাড়ির নিরাপত্তা কর্মী এনাম আহমেদ হুমায়ূন, রফিকুল ইসলাম, বকুল মিয়া, মাসুম মিন্টু, কামরুল হাসান অরুন, পলাশ রুদ্র পাল ও আবু সাঈদ। (ভোয়া : ২২০০ ঘ. ২৪.১১.২০২১ সোনিয়া ও নারগীস)

## খালেদা জিয়ার অবস্থা স্থিতিশীল নয়, নতুন কর্মসূচি ঘোষণা

বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার শারীরিক অবস্থা স্থিতিশীল নয়। এ অবস্থার কারণে দলীয় নেতা-কর্মী ও শুভাকাঙ্ক্ষীদের মাঝে উদ্বেগ দেখা দিয়েছে। মঙ্গলবার মধ্যরাতে সারাদেশে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর তরফে বিশেষ সতর্কতা জারি করা হয়েছে বলে তথ্য আসে। এরপর সামাজিক যোগাযোগ মাধ্যমে নানা গুজব ছড়াতে থাকে। বুধবার অবশ্য পুলিশ সদর দপ্তর জানিয়েছে, কোনো বিশেষ কারণে সতর্কতা জারি করা হয়নি। খালেদা জিয়ার শারীরিক অবস্থার সঙ্গে এর কোনো সম্পর্ক নেই। পুলিশ সদর দপ্তরের এআইজি (মিডিয়া) মো. কামরুজ্জামান জানান, ইউনিয়ন পরিষদ নির্বাচন এবং ডিসেম্বর মাস সামনে রেখে পুলিশকে সতর্ক অবস্থানে থাকতে বলা হয়েছে। এটি কোনো রেড অ্যালার্ট নয়।

বুধবার দিনভর বিএনপির নেতা-কর্মীরা নানা মাধ্যমে খালেদা জিয়ার শারীরিক অবস্থার খোঁজ-খবর নিয়েছেন। দুপুরে পরবর্তী করণীয় ঠিক করতে বৈঠক করেন দলের কেন্দ্রীয় নেতারা। পরে খালেদা জিয়াকে বিদেশে নিয়ে উন্নত চিকিৎসার দাবিতে নতুন কর্মসূচি ঘোষণা করেন দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেন, দেশে চিকিৎসকরা খালেদা জিয়াকে সর্বোচ্চ চিকিৎসা দিচ্ছেন। কিন্তু এখানে তার চিকিৎসা সম্ভব নয়। অবিলম্বে তাকে বিদেশে পাঠানো দরকার। মেডিকেল বোর্ডের চিকিৎসকরা স্পষ্ট করে বলেছেন যে, অ্যাডভান্স চিকিৎসার জন্য যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য বা জার্মানিতে পাঠাতে হবে। অতিদ্রুত তাকে বিদেশে পাঠানো জরুরি। খালেদা জিয়াকে বিদেশ পাঠানোর দাবিতে আট দিনের কর্মসূচি ঘোষণা করেন মির্জা ফখরুল। বিএনপি ও সহযোগী সংগঠন এই কর্মসূচি পালন করবে।

এদিকে, খালেদা জিয়ার অবস্থা ক্রিটিক্যাল বা সংকটাপন্ন বলে মনে করছেন প্রবীণ চিকিৎসক ও গণস্বাস্থ্য কেন্দ্রের ট্রাস্টি ডা. জাফরুল্লাহ চৌধুরী। মঙ্গলবার তিনি রাজধানীর এভারকেয়ার হাসপাতালে খালেদা জিয়াকে দেখতে যান। বুধবার এক নাগরিক সংবাদ সম্মেলনে ডা. জাফরুল্লাহ চৌধুরী খালেদা জিয়ার শারীরিক অবস্থা তুলে ধরেন। নগর গণস্বাস্থ্য কেন্দ্রে বেগম খালেদা জিয়ার মুক্তি ও সুচিকিৎসার দাবিতে এই সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। এতে কয়েকটি রাজনৈতিক দল ও সুশীল সমাজের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। জাফরুল্লাহ চৌধুরী বলেন, খালেদা জিয়া কতক্ষণ, কয় মিনিট, কয়দিন বাঁচবেন সেটা আমি বলতে পারবো না। তবে এটা বলতে পারি খালেদা জিয়া চরম ক্রান্তিকালে আছেন। তাকে হত্যা করা হচ্ছে। এই হত্যার জন্য আইনমন্ত্রী, প্রধানমন্ত্রী হুকুমের আসামি হবেন।

খালেদা জিয়ার স্বাস্থ্যের অবস্থা বর্ণনা করতে গিয়ে জাফরুল্লাহ চৌধুরী বলেন, তার অবস্থা অত্যন্ত ক্রিটিক্যাল। মেডিকেল বোর্ডের ৬ জন চিকিৎসক আমাকে বিস্তারিত বলেছেন। আমি তাদের ফাইলের প্রত্যেকটা লেখা পড়ে দেখেছি। উনার মুখ দিয়ে রক্তপাত হচ্ছে। ব্লাড প্রেসার একশ'র নিচে নেমে এসেছে। তিনি বলেন, সম্ভব হলে আজকে (বুধবার) রাতেই উনাকে বিদেশে ফ্লাই করা উচিত। আর না হলে যেকোনো কিছু ঘটে যেতে পারে।

সংবাদ সম্মেলনে গণসংহতি আন্দোলনের প্রধান সমন্বয়ক জোনায়েদ সাকি বলেন, এভাবে যদি বেগম খালেদা জিয়াকে চিকিৎসার ব্যবস্থা থেকে বঞ্চিত হন তাহলে দেশে গৃহযুদ্ধের পরিস্থিতি তৈরি হবে।

বিপ্লবী ওয়ার্কার্স পার্টির সাধারণ সম্পাদক সাইফুল হক, ভাসানী অনুসারী পরিষদের মহাসচিব শেখ রফিকুল ইসলাম বাবলু, রাষ্ট্র সংস্কার আন্দোলনের সদস্য অ্যাডভোকেট হাসনাত কাইয়ুম, নাগরিক ঐক্যের সমন্বয়ক শহিদুল্লাহ কায়সার সংবাদ সম্মেলনে কথা বলেন। ভিডিও কনফারেন্সে বক্তব্য রাখেন- ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের অধ্যাপক ড. আসিফ নজরুল। (ভোয়া : ২২০০ ঘ. ২৪.১১.২০২১ সোনিয়া ও নারগীস)

# রেডিও তেহরান

## হঠাৎ রাজপথে উত্তেজনা ; ঢাকাসহ সারাদেশে সর্বোচ্চ সতর্কতায় পুলিশ

বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার অসুস্থতাকে কেন্দ্র করে বিএনপির নানা কর্মসূচি, গণপরিবহনের ভাড়া নিয়ে শিক্ষার্থীদের রাজপথে আন্দোলন এবং আকস্মিকভাবে পোশাক শ্রমিকদের রাস্তায় নেমে অবরোধ ও ভাঙচুরের ঘটনায় সতর্ক অবস্থা নিয়েছে পুলিশ। ঢাকা থেকে বিস্তারিত জানাচ্ছেন আমাদের বিশেষ প্রতিনিধি :

বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার অসুস্থতাকে কেন্দ্র করে বিএনপির নানা কর্মসূচি, গণপরিবহনের ভাড়া নিয়ে শিক্ষার্থীদের রাজপথে আন্দোলন এবং আকস্মিকভাবে পোশাক শ্রমিকদের রাস্তায় নেমে অবরোধ ও ভাঙচুরের ঘটনায় শঙ্কিত হয়েছে পড়েছে সরকার। এ অবস্থায় রাজধানী ঢাকাসহ সারাদেশে সর্বোচ্চ সতর্ক অবস্থায় থাকতে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে নির্দেশনা দেয়া হয়েছে। দেশের সব থানাসহ আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর স্থাপনা ঘিরে বাড়তি সতর্কতা অবলম্বন করা হচ্ছে, বাড়ানো হচ্ছে গোয়েন্দা নজরদারীও। মঙ্গলবার মধ্যরাত থেকে এই সতর্কতা জারি করা হয় বলে দায়িত্বশীল সূত্র জানিয়েছে। পুলিশের সূত্র উদ্ধৃত করে গণমাধ্যমের খবরে বলা হয়েছে ঢাকায় কর্মরত যেসব পুলিশ কর্মকর্তা ছুটিসহ বিভিন্ন কারণে ঢাকার বাইরে ছিলেন তাদেরকে দ্রুত

কর্মস্থলে যোগ দিতে বলা হয়েছে। পাশাপাশি ঢাকার বাইরে যাদের যাওয়ার কথা ছিল তাদেরকেও সফর বাতিল করতে বলা হয়েছে।

চিকিৎসার জন্য বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়াকে বিদেশ পাঠানোর দাবিতে চলমান পরিস্থিতিতে দেশব্যাপি নিরাপত্তা জোরদার করা হয়েছে বলে পুলিশের সূত্রে দাবি করা হয়েছে। ঢাকা মেট্রোপলিটন পুলিশের দু'জন উর্ধ্বতন কর্মকর্তা বলেছেন, খালেদা জিয়ার অসুস্থতা নিয়ে স্বার্থান্বেষী বিভিন্ন গোষ্ঠী সামাজিক যোগাযোগমাধ্যমে গুজব বা অসত্য তথ্য ছড়াতে পারে- এমন আশঙ্কা করা হচ্ছে। এজন্য পুলিশের নজরদারি বাড়ানো হয়েছে। কেউ যাতে বিভ্রান্তি ছড়িয়ে বিশৃঙ্খলা তৈরি করতে না পারে, সেজন্য পুলিশ সর্বোচ্চ সতর্ক রয়েছে।

(রেডিও তেহরান : ২০৩৫ ঘ. ২৪.১১.২০২১ সোনিয়া ও নারগীস)

**খালেদা জিয়ার মুক্তি ও বিদেশে উন্নত চিকিৎসার দাবিতে ৮দিনের কর্মসূচি ঘোষণা করেছে বিএনপি**

রাজধানী ঢাকার এভারকেয়ার হাসপাতালে চিকিৎসাধীন বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার মুক্তি ও বিদেশে উন্নত চিকিৎসার দাবিতে ৮দিনের কর্মসূচি ঘোষণা করেছে বিএনপি। মূল দল ও অঙ্গ-সহযোগী সংগঠনের উদ্যোগে এসব কর্মসূচি পালন করা হবে। আজ দুপুরে নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কাযালয়ে এক সংবাদ সম্মেলনে এসব কর্মসূচির কথা জানান দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। এর আগে দলটির যুগ্ম মহাসচিব, সাংগঠনিক সম্পাদকদ, সহ-সাংগঠনিক সম্পাদকদের নিয়ে যৌথ সভা করেন মির্জা ফখরুল। সেখানে এসব কর্মসূচি নিয়ে আলোচনা হয়। বৈঠকে অংশ নেয়া এক নেতা জানান, অন্তত শান্তিপূর্ণ ও অহিংস পদ্ধতিতে এসব কর্মসূচি বাস্তবায়ন করতে হবে। এসব কর্মসূচি গত সোমবার স্থায়ী কমিটিতেই দেয়ার সিদ্ধান্ত হয়। কোনো ধরনের সহিংসতা সৃষ্টি হয় এমন কর্মসূচি এড়িয়ে যেতে দলের মূল নেতৃত্বের নির্দেশনা রয়েছে।

(রেডিও তেহরান : ২০৩৫ ঘ. ২৪.১১.২০২১ সোনিয়া ও নারগীস)

**খালেদা জিয়ার বিদেশে সুচিকিৎসার দাবিতে আরো এক দফা আন্দোলন কর্মসূচি ঘোষণা বিএনপি'র**

হাসপাতালে মুমূর্ষ অবস্থা চিকিৎসাধীন সাবেক প্রধানমন্ত্রী বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার মুক্তি ও সুচিকিৎসার জন্য বিদেশ নেয়ার দাবিতে আরো এক দফা আন্দোলন কর্মসূচি ঘোষণা করেছে বিএনপি। এ সম্পর্কে প্রতিবেদন পাঠিয়েছেন ঢাকা থেকে আমাদের বিশেষ প্রতিনিধি :

হাসপাতালে মুমূর্ষ অবস্থা চিকিৎসাধীন সাবেক প্রধানমন্ত্রী বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার মুক্তি ও সুচিকিৎসার জন্য বিদেশে নেয়ার দাবিতে আরো এক দফা আন্দোলন কর্মসূচি ঘোষণা করেছে বিএনপি। আজ (বুধবার) নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে দল এবং অঙ্গ-সহযোগী সংগঠনের শীর্ষ নেতাদের এক যৌথ সভায় আগামীকাল (বৃহস্পতিবার) থেকে ৪ ডিসেম্বর পর্যন্ত বিএনপি ও অঙ্গ সহযোগী সংগঠনের বিভিন্ন কর্মসূচি নির্ধারণ করা হয়। যৌথ সভা শেষে এক সংবাদ সম্মেলনে এ কর্মসূচি আনুষ্ঠানিকভাবে ঘোষণা করেন দলটির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

ঘোষিত কর্মসূচি অনুযায়ী আগামীকাল ২৫ নভেম্বর রাজধানীসহ সারাদেশে বিক্ষোভ কর্মসূচি পালন করবে জাতীয়তাবাদী যুবদল। রাজধানীতে বিক্ষোভ হবে জাতীয় প্রেসক্লাবের সামনে। পরদিন ২৬ নভেম্বর বাদ জুমা সারাদেশের মসজিদে মসজিদে খালেদা জিয়ার সুস্থতা কামনা করে দোয়া করা হবে। এছাড়া অন্যান্য ধর্মাবলম্বীরা নিজ নিজ উপাসনালয়ে প্রার্থনা সভার আয়োজন করবে। এরপর ২৮ নভেম্বর রাজধানীসহ সারাদেশে বিক্ষোভ কর্মসূচি পালন করবে জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দল।

এদিকে, বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার মুক্তি এবং বিদেশে চিকিৎসার দাবিতে কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে আজ বুধবার সারাদেশে জেলা প্রশাসকদের নিকটে স্মারকলিপি দিয়েছেন বিএনপির নেতারা। তবে বিএনপির এসব কর্মসূচিকে বিশৃঙ্খলা সৃষ্টি করার পাঁয়তারা বলে মনে করছে ক্ষমতাসীন দল। এ প্রসঙ্গে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছেন, দেশের উন্নয়ন অর্জনে ঈর্ষান্বিত হয়ে বিএনপি সাম্প্রদায়িক অপশক্তিকে সাথে নিয়ে উচ্ছৃঙ্খলা সৃষ্টি করার পাঁয়তারা করছে। আওয়ামী লীগের সাধারণ সম্পাদক দলের নেতা-কর্মীদের এই অপশক্তির বিরুদ্ধে সতর্ক থাকার আহ্বান জানান। আজ বুধবার সকালে নাটোরের বড়াইগ্রাম উপজেলা আওয়ামী লীগের ত্রি-বার্ষিক সম্মেলনে নিজের বাসভবন থেকে ভার্চুয়ালি যুক্ত হয়ে ওবায়দুল বলেন, জনগণের কাছে ভোট চাওয়ার মতো বিএনপির এমন কোনো মুখ নেই, তাই তারা আন্দোলন ও নির্বাচনে ব্যর্থ হয়ে নতুন নতুন ইস্যু খুঁজে বেড়াচ্ছে।

(রেডিও তেহরান : ২০৩৫ ঘ. ২৪.১১.২০২১ সোনিয়া ও নারগীস)

## এনএইচকে

**অন্যান্য দেশের সাথে তেলের মজুত ছেড়ে দেবে যুক্তরাষ্ট্র**

তেলের মূল্য বৃদ্ধি কমিয়ে আনায় সাহায্য করতে যুক্তরাষ্ট্র দেশের মজুত জ্বালানি তেলের কিছু অংশ বাজারে ছেড়ে দেবে। মঙ্গলবার প্রচারিত এক বিবৃতিতে হোয়াইট হাউজ বলেছে, এই পদক্ষেপ চীন, ভারত, জাপান, দক্ষিণ কোরিয়া ও

যুক্তরাজ্যসহ প্রধান তেল ব্যবহারকারী দেশগুলোর সাথে সঙ্গতিপূর্ণ। ঊর্ধ্বতন মার্কিন কর্মকর্তারা বলছেন, এটা হবে প্রথমবারের মতো তেলের মজুত ছেড়ে দেয়ায় নিতে যাওয়া সমন্বিত পদক্ষেপ। বিবৃতিতে বলা হয়েছে, যুক্তরাষ্ট্র আগামী কয়েকমাস সময় ধরে ৫ কোটি ব্যারেল তেল ছাড়ার জন্য নির্ধারণ করে রাখবে। এতে আরো বলা হয়েছে, প্রেসিডেন্ট জো বাইডেন প্রয়োজন হলে অতিরিক্ত পদক্ষেপ গ্রহণ করবেন। কিছু বিশ্লেষক প্রত্যাশা করছেন যে, তেল রপ্তানিকারক দেশসমূহের সংগঠন ওপেক ও সেই সাথে সংগঠনের সদস্য না হওয়া রাশিয়ার মতো প্রধান কয়েকটি দেশ ডিসেম্বর মাসে উৎপাদন বৃদ্ধি না করার সিদ্ধান্ত নেয়ায় অশোধিত তেলের মূল্য উচ্চ পর্যায়ে বজায় থাকবে।

যুক্তরাষ্ট্রে পেট্রোলের মূল্য সাত বছরের মধ্যে সর্বোচ্চে রয়েছে এবং ভোগ্য পণ্যের মূল্য তিন দশকের মধ্যে সবচেয়ে দ্রুত গতিতে বৃদ্ধি পেয়েছে। প্রেসিডেন্ট জো বাইডেনের প্রতি সমর্থনের হার তিনি দায়িত্ব গ্রহণের পর থেকে সর্বনিম্ন মাত্রায় নেমে এসেছে। মনে করা হচ্ছে যে, তেলের মজুত ছেড়ে দেয়া হচ্ছে জনগণের জীবনে ক্ষতিকর প্রভাব কমিয়ে আনায় প্রশাসন যে কাজ করে চলেছে তা দেখানোর একটি চেষ্টা।

(এনএইচকে ওয়েব পেজ : ১৭০০ ঘ. ২৪.১১.২০২১ সোনিয়া ও নারগীস)

## ডয়চে ভেলে

### মানবতাবিরোধী অপরাধে জড়িত থাকায় বিএনপির সাবেক সাংসদ আব্দুল মোমিনের ফাঁসির রায়

মুক্তিযুদ্ধের সময় গণহত্যা, হত্যা, লুটপাট, অগ্নিসংযোগের মতো মানবতাবিরোধী অপরাধে জড়িত থাকায় বিএনপির সাবেক সাংসদ আব্দুল মোমিন তালুকদার খোকার ফাঁসির রায় ঘোষণা করেছে যুদ্ধাপরাধ ট্রাইব্যুনাল।

ডয়চে ভেলের কনটেন্ট পার্টনার বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকমের প্রতিবেদন অনুযায়ী, বিচারপতি মো. শাহিনুর ইসলামের নেতৃত্বাধীন তিন বিচারকের আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল এ মামলার রায় ঘোষণা করেছে বুধবার। ট্রাইব্যুনাল পলাতক আব্দুল মোমিন তালুকদারের বিরুদ্ধে আনা তিনটি অভিযোগেই তাকে মৃত্যুদণ্ড দিয়েছে। এ রায়ের বিরুদ্ধে আপিল করতে হলে তাকে আত্মসমর্পণ করতে হবে।

আব্দুল মোমিন তালুকদার চারদলীয় জোট সরকারের আমলের বন ও পরিবেশ মন্ত্রণালয়ের সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি ও রাজশাহী বিভাগীয় বিএনপির সহ-সাংগঠনিক সম্পাদক ছিলেন এবং তিনি বগুড়া-৩ আসন থেকে দুইবার এমপি হয়েছিলেন। এ মামলার শুনানি করেন রাষ্ট্রপক্ষে প্রসিকিউটর সুলতান মাহমুদ সিমন ও রেজিয়া সুলতানা চমন। আসামিপক্ষে ছিলেন রাষ্ট্র নিযুক্ত আইনজীবী মো. আবুল হাসান। গত ৩১ অক্টোবর মামলার রায়ের জন্য অপেক্ষমান রাখা হয়।

১৯৭১ সালের ২২ এপ্রিল দুপুর ১২টার দিকে আসামি আব্দুল মোমিন তালুকদারসহ ৫ থেকে ৬ জন স্বাধীনতাবিরোধী ও ২০ জন পাকিস্তানি সেনা সদস্যকে নিয়ে বগুড়া জেলার আদমদিঘী থানার কলসা বাজার, রথবাড়ী এবং তিয়রপাড়ায় মুক্তিযোদ্ধা ও হিন্দু সম্প্রদায়ের লোকজনকে হত্যা করতে অপারেশন চালান। ঐদিন আসামি নিজে আগ্নেয়াস্ত্র দিয়ে কলসা গ্রামের মুক্তিযুদ্ধের পক্ষের ইসলাম উদ্দিন প্রামানিকসহ হিন্দু-মুসলিম মিলিয়ে ১০ জনকে গুলি করে হত্যা করেন।

১৯৭১ সালের ২৪ অক্টোবর থেকে ২৭ অক্টোবর পর্যন্ত অভিযান চালিয়ে একই থানার কাশিমালা গ্রামের ১৬ থেকে ১৭টি বাড়ি লুট করেন মোমিন। সেদিন ৫ জনকে গুলি করে হত্যা করা হয়।

১৯৭১ সালের ২৫ অক্টোবর রাতে আব্দুল মোমিন তালুকদার রাজাকার ও পাকিস্তানি বাহিনী নিয়ে আদমদিঘী থানার তালশন গ্রামের অভিযান চালিয়ে চারজনকে হত্যা করেন। তদন্তকারী কর্মকর্তা জেডএম আলতাফুর রহমান ২০১৬ সালের ১৮ জানুয়ারি থেকে এ মামলার তদন্ত কাজ শুরু করেন। মামলায় জব্দ তালিকা ছাড়াও ২৯ জনকে ঘটনার সাক্ষী করা হয় এবং তদন্তকারী কর্মকর্তাসহ মোট ১৫ জনের সাক্ষ্য নেয়া হয়।

স্বাধীনতার পর ১৯৭৮ সালে আবদুল মোমিন তালুকদার বিএনপিতে যোগ দেন। পরে আদমদীঘি উপজেলা বিএনপির সভাপতি হন। বিগত চারদলীয় জোট সরকারের আমলে বন ও পরিবেশ মন্ত্রণালয়ের স্থায়ী কমিটির সভাপতির দায়িত্বেও ছিলেন তিনি। ২০০১ ও ২০০৮ সালে বিএনপি থেকে সংসদ সদস্য নির্বাচিত হন। সেসময় বগুড়া জেলা বিএনপির সহ-সভাপতি এবং রাজশাহী বিভাগীয় সহসাংগঠনিক সম্পাদকের দায়িত্বেও ছিলেন আবদুল মোমিন তালুকদার।

(ডয়চে ভেলে, ডি ডব্লিউ ওয়েব পেজ : ১৮০০ ঘ. ২৪.১১.২০২১ সোনিয়া ও নারগীস)

## রেডিও এবিসি

### সড়ক দুর্ঘটনায় রাজধানীর গুলিস্তানে এক কলেজ ছাত্রের মৃত্যু

রাজধানীর গুলিস্তানে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের ময়লার গাড়ির ধাক্কায় প্রাণ গেলো নটরডেম কলেজের ছাত্র নাঈম হাসানের। আজ বুধবার দুপুর পৌনে ১২টায় গুলিস্তানের হল মার্কেটের সামনে রাস্তা পার হওয়ার সময় এই ঘটনা ঘটে। (রেডিও এবিসি : ১৫০০ ঘ. ২৪.১১.২০২১ প্রতীক ও নারগীস)

## ঢাকা বিশ্ববিদ্যালয়ের 'ঘ' ইউনিটের ২০২০-২১ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষার ফল প্রকাশ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত 'ঘ' ইউনিটের ২০২০-২১ শিক্ষাবর্ষের প্রথমবর্ষের ভর্তি পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে। ১ হাজার ৫৭০ আসনের বিপরীতে এই ইউনিটে এবার ভর্তি পরীক্ষায় ৮১ হাজার ৭ জন পরীক্ষার্থী অংশ নিয়েছিল। তাদের মধ্যে উত্তীর্ণ হয়েছে ৭ হাজার ৯৯৪ জন। সেই হিসেবে পাশের হার ৯ দশমিক ৮৭ শতাংশ।(রেডিও এবিসি : ১৫০০ ঘ. ২৪.১১.২০২১ প্রতীক ও নারগীস)

## দেশে করোনাকালে ব্যাপকভাবে অ্যান্টিবায়োটিকের ব্যবহার দেখা গেছে

করোনার চিকিৎসায় অ্যান্টিবায়োটিকের ভূমিকা কম হলেও দেশে করোনাকালে ব্যাপকভাবে অ্যান্টিবায়োটিকের ব্যবহার দেখা গেছে। স্বাস্থ্য অধিদফতরের কর্মকর্তারা বলছেন, ৮০ শতাংশ অ্যান্টিবায়োটিক অপ্রয়োজনে ব্যবহার করা হয়েছে।
(রেডিও এবিসি : ১৫০০ ঘ. ২৪.১১.২০২১ প্রতীক ও নারগীস)

## রাজশাহীর কাটাখালি পৌরসভার মেয়র আব্বাস আলীর বিরুদ্ধে তিনটি মামলা দায়ের

রাজশাহীর কাটাখালি পৌরসভার মেয়র আব্বাস আলীর বিরুদ্ধে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরাল নিয়ে কটূক্তি করার অভিযোগে তিনটি মামলা হয়েছে। রাজশাহী সিটি করপোরেশনের ১৩, ১৪ এবং ১৯ নম্বর ওয়ার্ডের তিন কাউন্সিলর ডিজিটাল নিরাপত্তা আইনে নগরীর তিন থানায় মামলা করেছেন। মঙ্গলবার রাতে মামলাগুলো করা হয়েছে। (রেডিও এবিসি : ১৫০০ ঘ. ২৪.১১.২০২১ প্রতীক ও নারগীস)

## ধর্ষণ মামলার এক আসামি নৌকার মনোনয়ন পেয়েছেন

মুন্সিগঞ্জের সিরাজদীখান উপজেলার কোলা ইউনিয়ন পরিষদ নির্বাচনে ধর্ষণ মামলার এক আসামি নৌকার মনোনয়ন পেয়েছেন। তার নাম মীর লিয়াকত আলি। তিনি ইউনিয়ন পরিষদের বর্তমান চেয়ারম্যান।
(রেডিও এবিসি : ১৫০০ ঘ. ২৪.১১.২০২১ প্রতীক ও নারগীস)

## বেগম খালেদা জিয়ার চিকিৎসায় সরকার অহেতুক প্রতিবন্ধকতা সৃষ্টি করছে : এমরান সালেহ প্রিন্স

বিএনপির কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক সৈয়দ এমরান সালেহ প্রিন্স বলেছেন, বেগম খালেদা জিয়ার চিকিৎসায় সরকার অহেতুক প্রতিবন্ধকতা সৃষ্টি করছে। এই প্রতিবন্ধকতায় যদি খালেদা জিয়ার জীবনের জন্য হুমকি বা বিপন্ন হয়, তাহলে দেশে রেড অ্যালার্ট জারি করেও সরকারের পতন ঠেকানো যাবে না। আজ বুধবার দুপুরে খালেদা জিয়ার মুক্তি এবং উন্নত চিকিৎসার জন্য বিদেশে পাঠানোর দাবিতে জামালপুর জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি প্রদান করতে এসে তিনি এসব কথা বলেন। (রেডিও এবিসি : ১৮০০ ঘ. ২৪.১১.২০২১ প্রতীক ও নারগীস)

## জনগণের কাছে ভোট চাওয়ার মতো কোনো মুখ বিএনপির নেই : ওবায়দুল কাদের

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, জনগণের কাছে ভোট চাওয়ার মতো কোনো মুখ বিএনপির নেই। বুধবার সকালে নাটোর জেলার বড়াইগ্রাম উপজেলায় আওয়ামী লীগের ত্রি-বার্ষিক সম্মেলনে ভার্চুয়ালি যুক্ত হয়ে এ কথা বলেন তিনি।
(রেডিও এবিসি : ১৮০০ ঘ. ২৪.১১.২০২১ প্রতীক ও নারগীস)

## সোহেল এবং তার সহযোগী হত্যার রহস্য আজ বা কাল উদঘাটন করা হবে : স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান বলেছেন, কুমিল্লা সিটি করপোরেশনের ১৭ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর এবং মহানগর আওয়ামী লীগের সদস্য মো. সোহেল এবং তার সহযোগী হরিপদ সাহা হত্যার রহস্য আজ বা কাল উদঘাটন করা হবে। আজ বুধবার দুপুরে রাজধানীতে আয়োজিত এক অনুষ্ঠানে স্বরাষ্ট্রমন্ত্রী এসব কথা বলেন।
(রেডিও এবিসি : ১৮০০ ঘ. ২৪.১১.২০২১ প্রতীক ও নারগীস)

## মালদ্বীপ রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশের পাশে আছে : পররাষ্ট্রমন্ত্রী

পররাষ্ট্রমন্ত্রী এ. কে. আব্দুল মোমেন বলেছেন, মালদ্বীপ রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশের পাশে আছে। এই ইস্যুতে সব ফোরামে দু'টি দেশের বক্তব্য অভিন্ন। মালদ্বীপের ভাইস প্রেসিডেন্ট বাংলাদেশে এসেছেন। প্রধানমন্ত্রী মালদ্বীপ গেলে দু'টি দেশের মধ্যে স্বার্থ সংশ্লিষ্ট অনেক চুক্তি হবে। বুধবার সকালে গাজীপুরের কালিয়াকৈরে এক অনুষ্ঠানে পররাষ্ট্রমন্ত্রী এ কথা বলেন। (রেডিও এবিসি : ১৮০০ ঘ. ২৪.১১.২০২১ প্রতীক ও নারগীস)

# রেডিও টুডে

## স্বল্পোন্নত দেশ হতে বাংলাদেশের উত্তরণের সুপারিশ জাতিসংঘ সাধারণ পরিষদে অনুমোদিত

স্বল্পোন্নত দেশ বা এলডিসি হতে বাংলাদেশের উত্তরণের সুপারিশ জাতিসংঘে অনুমোদিত হয়েছে। জাতিসংঘ সাধারণ পরিষদের ৭৬তম বৈঠকের ৪০তম প্ল্যানারি সভায় বুধবার এই ঐতিহাসিক সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এ প্রসঙ্গে অর্থমন্ত্রী আ. হ. ম. মুস্তফা কামাল এক বিবৃতিতে এই ঐতিহাসিক অর্জনকে বাংলাদেশের উন্নয়ন যাত্রায় এক মহান মাইলফলক হিসেবে অভিহিত করেছেন। সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি বাংলাদেশের জাতির পিতা মহান স্বাধীনতার স্থপতি বঙ্গবন্ধু

শেখ মুজিবুর রহমানের স্বপ্ন পূরণে তার সুযোগ্য কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার দৃঢ় নেতৃত্বের মাধ্যমে এই অভূতপূর্ব সাফল্য অর্জিত হয়েছে বলে অর্থমন্ত্রী বিবৃতিতে উল্লেখ করেন। অর্থমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রীর দিক-নির্দেশনায় গত এক দশকের বেশি সময় ধরে বাংলাদেশের যে অপ্রতিরোধ্য উন্নয়ন যাত্রা এটি তারই একটি আন্তর্জাতিক স্বীকৃতি। এ সাফল্যের অংশীদার এ দেশের সব শ্রেণি-পেশার মানুষ। (রেডিও টুডে : ০৮৪৫ ঘ. ২৫.১১.২০২১ আসাদ ও নারগীস)

## বিশ্বজুড়ে করোনা মহামারিতে গত ২৪ ঘণ্টায় মৃত্যু ও সংক্রমণ দু'টোই বেড়েছে

চলমান করোনা মহামারিতে বিশ্বজুড়ে দৈনিক মৃত্যু ও সংক্রমণ আরো বেড়েছে। গত ২৪ ঘণ্টায় সারাবিশ্বে করোনায় আক্রান্ত হয়ে মারা গেছেন সাড়ে ৭ হাজারের বেশি মানুষ। একই সময়ে নতুন করে আক্রান্ত মানুষের সংখ্যা পৌঁছেছে প্রায় সোয়া ৬ লাখে। এদিকে, ২৪ ঘণ্টায় বিশ্বজুড়ে সবচেয়ে বেশি সংক্রমণ ও প্রাণহানির ঘটনা ঘটেছে যুক্তরাষ্ট্রে। এতে বিশ্বব্যাপী করোনাভাইরাসে আক্রান্তের সংখ্যা প্রায় ২৬ কোটির কাছাকাছি পৌঁছে গেছে। অন্যদিকে, মৃতের সংখ্যা ছাড়িয়েছে ৫১ লাখ ৯১ হাজার। (রেডিও টুডে : ০৮৪৫ ঘ. ২৫.১১.২০২১ আসাদ ও নারগীস)

## বাংলাদেশ এখন বিশ্বে মাথা উঁচু করে চলবে : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, উন্নয়নের রোল মডেল বাংলাদেশ এখন বিশ্বে মাথা উঁচু করে চলবে। স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে আজ জাতীয় সংসদের বিশেষ আলোচনার জন্য সাধারণ প্রস্তাব উপস্থাপনকালে এসব কথা বলেন সরকার প্রধান। প্রধানমন্ত্রী আরো বলেন, ৫০ বছর পূর্তিতে আমরা যে জায়গায় আসতে পেরেছি, সেই জায়গায় আমরা স্বাধীনতার ১০ বছরের মধ্যেই পৌঁছে যেতে পারতাম যদি জাতির পিতা বেঁচে থাকতো। প্রধানমন্ত্রী বলেন, বাংলাদেশ আজকে এগিয়ে যাচ্ছে। এই এগিয়ে চলার পথ অনেক বাধা আমাদের অতিক্রম করতে হয়েছে। তিনি বলেন, আমি বাংলাদেশের জনগণের প্রতি কৃতজ্ঞতা জানাই যে, তারা আমাদের উপরে আস্থা রেখেছে, বিশ্বাস রেখেছে, বারবার ভোট দিয়েছে। সরকার গঠন করতে পেরেছি বলেই আজকে বাংলাদেশকে উন্নয়নের মহাসড়কে আনতে আমরা সক্ষম হয়েছি। (রেডিও টুডে : ২৩৪৫ ঘ. ২৪.১১.২০২১ আসাদ ও নারগীস)

## খালেদা জিয়ার অবস্থা খুবই ক্রিটিক্যাল : ডা. জাফরুল্লাহ চৌধুরী

হাসপাতালে চিকিৎসাধীন বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার অবস্থা অত্যন্ত ক্রিটিক্যাল উল্লেখ করে তাকে আজকেই উন্নত চিকিৎসার জন্য বিদেশে পাঠানোর আহ্বান জানিয়েছেন গণস্বাস্থ্য কেন্দ্রের ট্রাস্টি ডা. জাফরুল্লাহ চৌধুরী। আজ রাজধানীর গণস্বাস্থ্য কেন্দ্রে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এই দাবি করেন তিনি।
(রেডিও টুডে : ২৩৪৫ ঘ. ২৪.১১.২০২১ আসাদ ও নারগীস)

## খালেদা জিয়ার বিদেশে চিকিৎসার বিষয়ে আইন মন্ত্রণালয় বিশ্লেষণ করছে : তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী

অসুস্থ খালেদা জিয়ার প্রতি সমবেদনাপূর্বক তাঁর সুস্থতার জন্য দোয়া করছেন বলে জানিয়েছেন তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী ডাক্তার মুরাদ হাসান। তিনি বলেছেন, খালেদা জিয়ার বয়স হয়েছে। তিনি এর আগে নিজের সমস্যার জন্য বিদেশে চিকিৎসা করিয়েছেন। দেশে সরকার তাঁর সর্বোচ্চ চিকিৎসা নিশ্চিত করছে। বিদেশে চিকিৎসার ব্যাপারে আইন মন্ত্রণালয় বিশ্লেষণ করছে। আজ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের নিজ অফিস কক্ষে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এসব কথা বলেন। (রেডিও টুডে : ২৩৪৫ ঘ. ২৪.১১.২০২১ আসাদ ও নারগীস)

## শিক্ষার্থীদের জন্য গণপরিবহনের ভাড়া অর্ধেক করার নির্দেশনা চেয়ে হাইকোর্টে রিট দায়ের হয়েছে

শিক্ষার্থীদের জন্য দেশের সব ধরনের সরকারি-বেসরকারি বাস, লঞ্চ ও ট্রেনের ভাড়া অর্ধেক করার নির্দেশনা চেয়ে হাইকোর্টে রিট করা হয়েছে। আজ সুপ্রিম কোর্টের আইনজীবী ইউনুস আলী আকন্দ জনস্বার্থে এই রিট দায়ের করেন। আগামী সপ্তাহে বিচারপতি এম. এনায়েতুর রহিম ও বিচারপতি মোহাম্মদ মোস্তাফিজুর রহমানের হাইকোর্ট বেঞ্চ এই রিট আবেদন শুনানি হতে পারে বলে জানান এই আইনজীবী।
(রে. টুডে : ২৩৪৫ ঘ. ২৪.১১.২০২১ আসাদ ও নারগীস)

## আনুষ্ঠানিকভাবে টেস্ট ক্রিকেটকে বিদায় জানালেন মাহমুদুল্লাহ রিয়াদ

আনুষ্ঠানিকভাবে টেস্ট ক্রিকেট থেকে অবসরের ঘোষণা দিয়েছেন বাংলাদেশ জাতীয় দলের টি-টোয়েন্টি অধিনায়ক মাহমুদুল্লাহ রিয়াদ। তবে টি-টোয়েন্টি ও ওয়ানডে খেলবেন বলে জানিয়েছেন তিনি। এক বিবৃতিতে আজ রিয়াদ বলেছেন, আমি অনেকদিন ধরেই খেলেছি এমন একটি ফরমেটকে বিদায় বলা সহজ কাজ নয়। আমি সব সময় সর্বোচ্চ জায়গায় পৌঁছাতে চেয়েছি। আমার বিশ্বাস টেস্ট ক্যারিয়ারের শেষ করার এটাই সঠিক সময়। এসময় ক্রিকেট সংশ্লিষ্ট এবং দেশের গণমানুষের কাছে কৃতজ্ঞতা প্রকাশ করেন তিনি। ২০০৯ সালে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে অভিষেক হওয়ার পর দেশের হয়ে ৫০টি টেস্ট ম্যাচে মাঠে নেমেছেন তিনি। ৫ সেঞ্চুরির সঙ্গে হাঁকিয়েছেন ১৬টি ফিফটি। ৩৩.৪৯ গড়ে এই ফরমেটে ২,৯১৪ রান এসেছে তার ব্যাট থেকে। চলতি বছর জিম্বাবুয়ের বিপক্ষে সর্বশেষ টেস্ট খেলেছিলেন তিনি। গত ১১ জুলাই হারারে টেস্টের শেষ দিনে মাঠে নামার সময় সতীর্থদের কাছ থেকে গার্ড অফ অনার পান মাহমুদুল্লাহ।
(রেডিও টুডে : ২৩৪৫ ঘ. ২৪.১১.২০২১ আসাদ ও নারগীস)

**চট্টগ্রাম টেস্টে খেলছেন না সাকিব আল হাসান**

ফিটনেস পরীক্ষায় পাশ করার শর্তে সাকিব আল হাসানকে পাকিস্তানের বিপক্ষে প্রথম টেস্টের দলে রেখেছিল বাংলাদেশ। কিন্তু ফিটনেস পরীক্ষার আগ পর্যন্ত অপেক্ষা করতে হলো না। দল ঘোষণার একদিন পরে জানা গেল চট্টগ্রাম টেস্টে থাকতে পারছেন না বিশ্বসেরা অলরাউন্ডার। পুরোপুরি সুস্থ না হওয়ায় প্রথম টেস্ট খেলতে পারবেন না সাকিব। পাকিস্তানের বিপক্ষে প্রথম টেস্ট খেলতে গতকাল চট্টগ্রাম গেছে বাংলাদেশ ক্রিকেট দল। কিন্তু খেলার জন্য ফিট না হওয়ায় দলের সঙ্গে যাননি সাকিব। গণমাধ্যমকে খবরটি নিশ্চিত করেছেন বিসিবির প্রধান নির্বাচক মিনহাজুল আবেদিন নান্নু। আগামী ২৬ নভেম্বর চট্টগ্রামের জহুর আহমেদ চৌধুরী স্টেডিয়ামের মাঠে গড়াবে প্রথম টেস্ট।
(রেডিও টুডে : ২৩৪৫ ঘ. ২৪.১১.২০২১ আসাদ ও নারগীস)

**বকেয়া বেতনের দাবিতে রাজধানীতে সড়ক অবরোধ করে বিক্ষোভ করছে গার্মেন্টস শ্রমিকরা**

বকেয়া বেতনের দাবিতে রাজধানীর মিরপুর ও কুড়িলে সড়ক অবরোধ করে বিক্ষোভ করছে গার্মেন্টস শ্রমিকরা। এর জেরে এসব এলাকায় যান চলাচল মারাত্মক বিঘ্নিত হচ্ছে। আজ সকাল ৯টা থেকে বিক্ষোভরত শ্রমিকরা মিরপুর-১০ নম্বর গোল চত্বরে অবস্থান নেন। তারা বিভিন্ন প্রতিষ্ঠানে ভাঙচুরে অংশ নেন বলে জানা গেছে। অপরদিকে, কুড়িল বিশ্বরোডে গার্মেন্টস শ্রমিকদের আন্দোলনের জেরে এয়ারপোর্ট সড়ক বন্ধ হয়ে আছে। কুড়িল থেকে বনানী, প্রগতি সরণি পর্যন্ত যানবাহনের বিশাল লাইন লক্ষ্য করা গেছে। বকেয়া বেতন-ভাতা আদায়সহ বিভিন্ন দাবি আদায়ে এই আন্দোলন করছে বলে জানিয়েছেন শ্রমিকরা। (রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ২৪.১১.২০২১ প্রতীক ও নারগীস)

**মানবতা বিরোধী অপরাধে মো. মোমিন তালুকদারকে মৃত্যুদণ্ড দিয়েছেন যুদ্ধাপরাধ ট্রাইব্যুনাল**

একাত্তরে মুক্তিযুদ্ধের সময় হত্যা, লুটপাট ও অগ্নিসংযোগের মতো মানবতা বিরোধী অপরাধে জড়িত থাকার দায়ে বিএনপির সাবেক সংসদ সদস্য মো. মোমিন তালুকদার ওরফে খোকার ফাঁসির রায় দিয়েছেন যুদ্ধাপরাধ ট্রাইব্যুনাল। বিচারপতি মো. শাহিনুর ইসলামের নেতৃত্বাধীন তিন সদস্যের আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল আজ এই রায় ঘোষণা করেন। পলাতক মোমিন তালুকদারের বিরুদ্ধে আনা তিনটি অভিযোগেই তাকে মৃত্যুদণ্ড দিয়েছেন ট্রাইব্যুনাল। এই রায়ের বিরুদ্ধে আপিল করতে হলে তাকে আত্মসমর্পণ করতে হবে। চারদলীয় জোট সরকারের আমলে বন ও পরিবেশ মন্ত্রণালয়ের সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি ছিলেন তিনি। বগুড়া-৩ আসন থেকে মোমিন তালুকদার দুইবার এমপি হয়েছিলেন। (রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ২৪.১১.২০২১ প্রতীক ও নারগীস)

**সৈয়দ মো. সোহেল ও তার সহযোগী হরিপদ সাহাকে গুলি করে হত্যার ঘটনায় মামলা হয়েছে**

কুমিল্লা সিটি করপোরেশনের ১৭ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর সৈয়দ মো. সোহেল ও তার সহযোগী হরিপদ সাহাকে গুলি করে হত্যার ঘটনায় মামলা হয়েছে। নিহত সোহেলের ছোট ভাই সৈয়দ রুমেল মঙ্গলবার দিবাগত মধ্যরাতে ১১ জনের নাম উল্লেখ করে এবং আরো ৮ থেকে ১০ জন অজ্ঞাতনামা ব্যক্তিকে আসামি করে কুমিল্লা কোতোয়ালি মডেল থানায় একটি হত্যা মামলা দায়ের করেন। মামলার এজাহারে বলা হয়েছে, আসামিরা সোমবার বিকেল সাড়ে ৪টার দিকে কুমিল্লা নগরীর পাথুরিয়াপাড়া এলাকার থ্রি স্টার এন্টারপ্রাইজের ব্যবসা প্রতিষ্ঠানে ঢুকে সোহেল ও হরিপদকে গুলি করে হত্যা করে। নিহত সোহেল ছিলেন ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি আর হরিপদ ওয়ার্ড শ্রমিক লীগের সভাপতি। এদিকে, এই হত্যাকাণ্ডের ঘটনায় সুমন মিয়া নামে একজনকে গ্রেফতার করেছে পুলিশ। সকালে কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতাল এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয় বলে জানিয়েছেন কোতোয়ালি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আনোয়ারুল আজিম। (রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ২৪.১১.২০২১ প্রতীক ও নারগীস)

**বিগত ইউপি নির্বাচনগুলো অংশগ্রহণমূলক হয়েছে : সিইসি**

বিগত ইউপি নির্বাচনগুলো অংশগ্রহণমূলক হয়েছে বলে দাবি করেছেন প্রধান নির্বাচন কমিশনার কে. এম. নূরুল হুদা। আজ আইন-শৃঙ্খলা সংক্রান্ত এক বৈঠকে তিনি এমন দাবি করেন।
(রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ২৪.১১.২০২১ প্রতীক ও নারগীস)

**বেগম জিয়া মিথ্যা মামলায় সাজা পাচ্ছেন : রিজভী**

বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়া মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছেন বলে জানিয়েছেন দলটির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। আজ বেলা সাড়ে ১১টার দিকে ঢাকা জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি দেয়ার পর তিনি এ কথা বলেন। রিজভী বলেন, বেগম জিয়া মিথ্যা মামলায় সাজা পাচ্ছেন।
(রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ২৪.১১.২০২১ প্রতীক ও নারগীস)

**চাঁদপুরে মোটর সাইকেলের নিয়ন্ত্রণ হারিয়ে দুই এসএসসি পরীক্ষার্থী নিহত**

চাঁদপুরে মোটর সাইকেলের নিয়ন্ত্রণ হারিয়ে শান্ত ও আসিফ নামের দুই এসএসসি পরীক্ষার্থী নিহত হয়েছেন। মঙ্গলবার দিবাগত রাত সাড়ে ১০টার দিকে চাঁদপুর সদর উপজেলার মহামায়া এলাকায় চাঁদপুর-কুমিল্লা আঞ্চলিক মহাসড়কে এই দুর্ঘটনা ঘটে। দুর্ঘটনার শিকার ঐ মোটর সাইকেলের আরেক আরোহী সাজ্জাদ ও পথচারী নুরুল ইসলামকে

আশঙ্কাজনক অবস্থায় ঢাকায় পাঠানো হয়েছে। পুলিশ জানায়, পথচারী নুরুল ইসলামকে বাঁচাতে গিয়ে মোটর সাইকেলের চালক নিয়ন্ত্রণ হারিয়ে ফেলে। এটি তখন সড়কে ছিটকে পড়ে। এই দুর্ঘটনায় ঘটনাস্থলে শান্ত মারা যায়। আর হাসপাতালে নেয়ার পথে মারা যায় আসিফ। (রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ২৪.১১.২০২১ প্রতীক ও নারগীস)

**বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়তে রাজনৈতিক দলগুলোকে পরমতসহিষ্ণু হওয়ার আহ্বান রাষ্ট্রপতির**

স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা গড়তে রাজনৈতিক দলগুলোকে পরমতসহিষ্ণু হওয়ার আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। তিনি বলেছেন, দেশে সুশাসন প্রতিষ্ঠায় রাজনৈতিক নেতৃত্বের সঙ্গে সুশীল সমাজকেও এগিয়ে আসতে হবে। আজ জাতীয় সংসদের পঞ্চদশ অধিবেশনে স্বাধীন বাংলাদেশের সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে সংসদের বিশেষ আলোচনায় দেয়া স্মারক বক্তৃতায় রাষ্ট্রপতি এই আহ্বান জানান।
(রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ২৪.১১.২০২১ প্রতীক ও নারগীস)

**দেশ গড়ার প্রতিটি কাজের ভিত্তি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান তৈরি করে গেছেন : প্রধানমন্ত্রী**

দেশ গড়ার প্রতিটি কাজের ভিত্তি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান তৈরি করে গেছেন বলে উল্লেখ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, শত বাধা অতিক্রম করে দেশ এগিয়ে যাচ্ছে। বাংলাদেশকে বিশ্ব সভায় মর্যাদাশীল করাই সরকারের লক্ষ্য বলেও জানান প্রধানমন্ত্রী। স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে আজ জাতীয় সংসদের বিশেষ আলোচনার জন্য সাধারণ প্রস্তাব উপস্থাপনকালে এসব কথা বলেন সরকার প্রধান।
(রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ২৪.১১.২০২১ প্রতীক ও নারগীস)

**স্বাধীনতার সুবর্ণজয়ন্তী যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনে ৫০টি কর্মসূচি গ্রহণ করেছে মন্ত্রিসভা**

মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের জন্য ৫০টি কর্মসূচি গ্রহণ করেছে মন্ত্রিসভা। এর মধ্যে অন্যতম কর্মসূচি পথে পথে বিজয় শিরোণামে দেশের বিভিন্ন স্থানে শত্রুমুক্ত হওয়ার দিনে আঞ্চলিক মহাসমাবেশ, বিজয়ের মাসে আগামী ২ ডিসেম্বর থেকে শুরু করে ১৩ ডিসেম্বর পর্যন্ত পঞ্চগড়, গোপালগঞ্জ, কক্সবাজার, ময়মনসিংহ, মাদারীপুর এবং সিলেটসহ মোট ৭টি আঞ্চলিক এবং ১৪টি উপ-আঞ্চলিক মহাসমাবেশ অনুষ্ঠিত হবে। আজ সচিবালয়ে এক প্রেস ব্রিফিংয়ে এই তথ্য জানিয়েছেন মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ. ক. ম. মোজাম্মেল হক। আগামী প্রজন্মকে যুদ্ধের ইতিহাসের সাথে পরিচয় করিয়ে দেয়া, স্থানীয় বীর মুক্তিযোদ্ধাদের সম্পর্কে পুনরায় জানা এবং সম্মান প্রদর্শন এবং বিজয়ের গল্পগুলো পুনরায় বলা, এই আয়োজনের উদ্দেশ্য বলে জানান মন্ত্রী। সমাবেশগুলোতে বিভিন্ন কার্যক্রম, প্রদর্শনী, খেলা, কুইজ, আলোচনা, সংবর্ধনা এবং পুরস্কার বিতরণসহ বর্ণাঢ্য সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে বলেও তিনি জানান। (রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ২৪.১১.২০২১ প্রতীক ও নারগীস)

**বিএনপি সাম্প্রদায়িক অপশক্তিকে সাথে নিয়ে বিশৃঙ্খলা সৃষ্টির পাঁয়তারা করছে : ওবায়দুল কাদের**

দেশের উন্নয়নে ঈর্ষান্বিত হয়ে বিএনপি সাম্প্রদায়িক অপশক্তিকে সাথে নিয়ে বিশৃঙ্খলা সৃষ্টির পাঁয়তারা করছে বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক, সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। বিএনপির যে কোনো চক্রান্ত মোকাবিলায় দলীয় নেতা-কর্মীদের সতর্ক থাকার আহ্বানও জানিয়েছেন তিনি। সকালে নাটোরের বড়াইগ্রাম উপজেলা আওয়ামী লীগের ত্রি-বার্ষিক সম্মেলনে নিজ বাসভবন থেকে ভার্চুয়ালি যুক্ত হয়ে এসব কথা বলেন ওবায়দুল কাদের। (রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ২৪.১১.২০২১ প্রতীক ও নারগীস)

**বেগম খালেদা জিয়ার অসুস্থতা নিয়ে অসুস্থ রাজনীতি না করার আহ্বান তথ্যমন্ত্রীর**

বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার অসুস্থতা নিয়ে অসুস্থ রাজনীতি না করার আহ্বান জানিয়েছেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী ডক্টর হাছান মাহমুদ। তিনি বলেন, খালেদা জিয়ার জীবন সংকটাপন্ন, এই কথা কোনো চিকিৎসক বলেননি, এই কথা বিএনপি নেতারা বলছেন। দুপুরে সচিবালয়ে ঢাকাস্থ চট্টগ্রাম ফোরামের নবনির্বাচিত পরিষদের সাথে বৈঠক শেষে তিনি এ কথা বলেন। (রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ২৪.১১.২০২১ প্রতীক ও নারগীস)

**খালেদা জিয়া বেঁচে থাকুক সরকারের সেই ইচ্ছা নেই : মির্জা ফখরুল**

বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার রোগমুক্তি কামনায় আগামী শুক্রবার বাদ জুমআ সারাদেশে মসজিদ এবং অন্যান্য উপাসনালয়ে দোয়া এবং প্রার্থনা কর্মসূচি পালন করবে বিএনপি। এছাড়া খালেদা জিয়ার বিদেশে চিকিৎসার দাবিতে আগামীকাল সারাদেশে যুবদল এবং ২৮ নভেম্বর স্বেচ্ছাসেবক দল বিক্ষোভ কর্মসূচি পালন করবে। আজ রাজধানীর নয়াপল্টনে দলের কেন্দ্রীয় কার্যালয়ে এসব কর্মসূচির ঘোষণা করেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। এ সময় খালেদা জিয়া বেঁচে থাকুক, সরকারের সেই ইচ্ছা নেই বলেই তাকে উন্নত চিকিৎসার জন্য সুযোগ দেয়া হচ্ছে না বলে মন্তব্য করেন বিএনপি মহাসচিব। (রে. টুডে : ১৮৪৫ ঘ. ২৪.১১.২০২১ প্রতীক ও নারগীস)

**দেশের সব জেলা প্রশাসকদের কাছে স্মারকলিপি দিয়েছে বিএনপি**

বেগম খালেদা জিয়ার মুক্তি এবং উন্নত চিকিৎসার জন্য বিদেশে পাঠানোর দাবিতে পূর্ব ঘোষণা অনুযায়ী দেশের সব জেলা প্রশাসকদের কাছে স্মারকলিপি দিয়েছে বিএনপি। সকালে প্রতিটি জেলায় দলীয় নেতা-কর্মীরা এই স্মারকলিপি

দেন। তবে স্মারকলিপি দিতে গিয়ে বিভিন্ন স্থানে বাধার মুখে পড়তে হয়েছে বলে বিএনপির পক্ষ থেকে অভিযোগ করা হয়েছে। (রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ২৪.১১.২০২১ প্রতীক ও নারগীস)

### পাড়া-মহল্লায় পাহারা দিয়ে নির্বাচনী সহিংসতা বন্ধ করা সম্ভব নয় : সিইসি

পাড়া-মহল্লায় পাহারা দিয়ে নির্বাচনী সহিংসতা বন্ধ করা সম্ভব নয় বলে মন্তব্য করে প্রধান নির্বাচন কমিশনার কে. এম. নূরুল হুদা বলেছেন, নির্বাচনের পরিবেশ ভালো রাখতে ভোটে অংশগ্রহণ করা সব প্রার্থীকে সহযোগিতা করতে হবে। নির্বাচনে যারা বিশৃঙ্খলা করতে পারে তাদেরকে আগাম গ্রেফতারে আইন-শৃঙ্খলা বাহিনীকে নির্দেশনা দেয়া হয়েছে বলেও তিনি জানান। আজ নির্বাচন ভবন সম্মেলন কক্ষে আইন-শৃঙ্খলা বিষয়ক বিশেষ সভা শেষে সাংবাদিকদের এসব কথা বলেন কে. এম. নূরুল হুদা। এ সময় দেশজুড়ে হওয়া বিগত ইউপি নির্বাচনগুলো প্রতিযোগিতামূলক হয়েছে বলে দাবি করেন সিইসি। (রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ২৪.১১.২০২১ প্রতীক ও নারগীস)

### করোনাভাইরাসের সংক্রমণে দেশে গত ২৪ ঘণ্টায় তিনজনের মৃত্যু

করোনাভাইরাসের সংক্রমণে দেশে গত ২৪ ঘণ্টায় তিনজনের মৃত্যু হয়েছে। আর একই সময়ে নতুন রোগী সনাক্ত হয়েছে ৩১২ জন। এ নিয়ে দেশে মোট সনাক্ত রোগীর সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ১৫ লাখ ৭৪ হাজার ৯৪৮ জনে, যাদের মধ্যে মারা গেছেন ২৭ হাজার ৯৬১ জন করোনা রোগী। সবশেষ মৃতদের মধ্যে একজন নারী এবং দু'জন পুরুষ। আর ২৪ ঘণ্টায় আরো ৩৩৮ জনসহ এ পর্যন্ত করোনার সংক্রমণ থেকে সেরে উঠেছেন ১৫ লাখ ৩৯ হাজার ১৯৩ জন। বিকেলে স্বাস্থ্য অধিদফতরের করোনা বিষয়ক নিয়মিত সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে আরো বলা হয়েছে, গত ২৪ ঘণ্টায় ২১ হাজার ২টি নমুনা পরীক্ষা করা হয়। আর পরীক্ষার বিপরীতে রোগী সনাক্তের হার ১ দশমিক ৪৯ শতাংশ। (রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ২৪.১১.২০২১ প্রতীক ও নারগীস)

# BBC

### SWEDEN'S FIRST FEMALE PM RESIGNS HOURS AFTER APPOINTMENT

Sweden's first ever female prime minister has resigned just hours after she was appointed. Magdalena Andersson, was announced as leader on Wednesday but resigned after her coalition partner quit the government and her budget failed to pass. Instead, parliament voted for a budget drawn-up by the opposition which includes the anti-immigrant far right. (BBC : 2200+2300 hrs. 24.11.2021 Faruk & Nargis)

### SUDAN PM REVIEWING CHANGES BY MILITARY AFTER COUP

The Sudanese prime minister has announced a review of all appointments that were made during his detention following last month's coup. Abdallah Hamdok who was reinstated to his post on Sunday also ordered an end to the dismissals of officials. When the country's military chief, General Abdel Fattah al-Burhan, carried out the coup he dissolved all the country's institutions and sacked many officials including the heads of state media, public companies and banks. The prime minister is still without a government after being reinstalled in a controversial deal with General Burhan.

(BBC : 2200+2300 hrs. 24.11.2021 Faruk & Nargis)

### SRI LANKA ATTACKS: 23,000 CHARGES FILED AGAINST SUSPECTS

The trial of 25 men accused of masterminding the 2019 Easter bombings in Sri Lanka has begun. The bombings, which targeted three hotels and three churches. Killed 267 people and injured about 500. More than 23,000 charges have been filed against the suspects, and 1,215 witnesses have been called to testify. However, the suspects' lawyers have questioned the plausibility of having this number of charges and witnesses, calling the trial a futile exercise. (BBC : 2200+2300 hrs. 24.11.2021 Faruk & Nargis)

### SOMALIA DECLARES STATE OF EMERGENCY AS DROUGHT WORSENS

Somali Prime Minister Mohamed Hussein Roble has declared a state of emergency in the wake of the country's worsening drought. The declaration came after the prime minister chaired an extraordinary cabinet meeting on Tuesday. He called on the Somali people and the international community to help those affected by the drought. Severe drought has hit several regions in the country, putting people and animals in dire straits. In some areas, it has killed some people as well as livestock. Some 3.5 million Somalis are already facing acute food insecurity, according to the UN.

(BBC : 2200+2300 hrs. 24.11.2021 Faruk & Nargis)

**NEW ZEALAND TO REOPEN TO VACCINATED VISITORS**

New Zealand has unveiled its plans to reopen borders and will allow foreigners to enter next year. Fully vaccinated visitors can enter from 30 April, and will have to self-isolate for seven days upon arrival. More New Zealanders will be allowed to travel home from early next year as well, under similar rules. The move eases strict curbs that have locked out many citizens and tourists since borders were slammed shut at the start of the Covid pandemic.
(BBC : 2200+2300 hrs. 24.11.2021 Faruk & Nargis)

**US ENVOY WARNS OF ESCALATION OF ETHIOPIA WAR**

The US Special Envoy for the Horn of Africa has warned an escalation of the fighting in Ethiopia is threatening any progress towards negotiating a ceasefire. Following a visit to Ethiopia, Jeffrey Felthman said both Prime Minister Abiy Ahmed and the Tigray People's Liberation Front (TPLF) seemed to believe they were on the cusp of military victory. Mr Felthman warned that if the Tigrayan rebels moved on the capital, Addis Ababa, it would be unacceptable and catastrophic. With the TPLF saying its fighters are advancing, France and Germany are the latest countries to advise citizens to leave Ethiopia as soon as possible. (BBC : 2200+2300 hrs. 24.11.2021 Faruk & Nargis)

**EUROPE FACES 7,00,000 MORE COVID DEATHS BY MARCH: WHO WARNS**

A further 7,00,000 people could die of Covid by March in Europe and parts of Asia, the World Health Organization has warned. The death toll already exceeds 1.5 million in the 53 countries of what the WHO terms as its Europe region. The WHO warned of high or extreme stress in intensive care units in 49 of the nations by March 2022. Europe is facing a surge in cases, prompting Austria to return to lockdown and others to consider fresh measures. A number of countries - including France, Germany and Greece - could also soon make booster jabs a requirement for their citizens to be considered fully vaccinated.
(BBC : 2200+2300 hrs. 24.11.2021 Faruk & Nargis)

**US EMBASSY IN ETHIOPIA ISSUES TERROR ALERT**

The US embassy in Ethiopia has warned of a possible terror attack in the capital, Addis Ababa, and other parts of the country. The embassy listed possible targets as diplomatic facilities, tourist locations, transportation hubs, markets/shopping malls, western businesses, restaurants and resorts, local government facilities and other public areas. It urged Americans to be vigilant and avoid crowded places and areas frequented by foreigners. The US is among countries that have urged their citizens to leave Ethiopia.
(BBC : 0600 hrs. 25.11.2021 Faruk & Nargis)

**GERMANY'S SCHOLZ SEALS DEAL TO END MERKEL ERA**

Olaf Scholz will head a three-party coalition with broad plans for Germany's transition to a green economy, under a deal to end 16 years of government led by Angela Merkel. Almost two months after his Social Democrat party won federal elections, he will go into power with the Greens and business-friendly Free Democrats. Climate protection forms a big part of the coalition deal. The parties aim to phase out coal use 2030, eight years ahead of schedule. Germany is Europe's biggest economy, so decisions taken by the new government will have a big effect on its neighbours. (BBC : 0600 hrs. 25.11.2021 Faruk & Nargis)

**DOZENS OF KIDNAP VICTIMS RESCUED IN NIGERIA**

The police in Nigeria's north-west Zamfara state say they have rescued 24 people, including some students are travellers, who were kidnapped from different parts of the state. Commissioner Ayuba Elkanah said that some of the victims spent more than 60 days in captivity before they were freed. He added that they were rescued unconditionally. Among the victims were four students of Government Day Secondary School in Birnin Yero who were abducted while writing their exams and a student of Federal Polytechnic Kaura Namoda. (BBC : 0600 hrs. 25.11.2021 Faruk & Nargis)

## :: THE END ::